# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

www.bhtpa.gov.bd

## ৪.১ পরিচিতি

দেশে হাই-টেক শিল্প তথা তথ্যপ্রযুক্তি নির্ভর শিল্পের বিকাশ ও উন্নয়নের মাধ্যমে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও কর্মসংস্থান সৃষ্টি করার লক্ষ্যে 'বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন-২০১০' এর আওতায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়েছে। প্রতিষ্ঠালগ্ন হতে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্থানে হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/ আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের মাধ্যমে দেশের বিপুল যুবশক্তির কর্মসংস্থান নিশ্চিত করা ও দক্ষ মানবসম্পদ সৃষ্টি করে আর্থ সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। প্রশাসনিক কাঠামো অনুযায়ী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানটির কার্যক্রম তদারকি ও দিক নির্দেশনা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মন্ত্রী/প্রতিমন্ত্রীর সভাপতিত্বে নির্বাহী কমিটি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বোর্ড অব গভর্নরস (বিওজি) রয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সারাদেশে ৩৯টি হাই-টেক পার্ক (এইচটিপি)/সফটওয়্যার টেকনোলজি পার্ক(এসটিপি)/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার নির্মান করছে। ইতোমধ্যে ৫ (পাঁচ) টি পার্কের নির্মাণ কাজ শেষ হয়েছে ও ব্যবসায়িক কার্যক্রম চলছে এছাড়াও আরো তিনটি পার্ক নির্মাণ শেষে উদ্বোধনের অপেক্ষায় রয়েছে । বাকী পার্কগুলোর নির্মাণ কাজ চলমান রয়েছে।

| | | |
|---|---|---|
| প্রশাসনিক বিভাগ | : | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| মন্ত্রণালয় | : | ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় |
| প্রতিষ্ঠার তারিখ | : | ২৮ জুন, ২০১০ খ্রিস্টাব্দ |
| প্রধান কার্যালয় | : | আইসিটি টাওয়ার (লেভেল-৯) আগারগাঁও, ঢাকা। |

### ৪.১.১ রূপকল্প (Vision):

বাংলাদেশে আইটি/হাই-টেক শিল্পের টেকসই উন্নয়ন ও বিকাশ।

### ৪.১.২ অভিলক্ষ্য (Mission):

তথ্য-প্রযুক্তি শিল্পের জন্য আন্তর্জাতিক মানের অবকাঠমো/স্থাপনা প্রতিষ্ঠার মাধ্যমে বিনিয়োগের অনুকূল ও টেকসই পরিবেশ এবং তথ্য-প্রযুক্তি নির্ভর শিল্পের ইকোসিস্টেম তৈরি।

### ৪.১.৩ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যাবলি

আইটি /আইটিইএস সেক্টরে বিনিয়োগ এবং কর্মসংস্থান বৃদ্ধির জন্য উপযুক্ত বিনিয়োগ অবকাঠামো এবং দক্ষ মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়ন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের মূল দায়িত্ব। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের গুরুত্বপূর্ণ কার্যাবলী নিম্নরূপ:

- বাংলাদেশে হাই-টেক পার্ক নির্মাণের পরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়ন;
- বাংলাদেশে হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠিত পার্কের সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনা;
- হাই-টেক পার্কে বিশ্বমানের বিনিয়োগ বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ;
- হাই-টেক পার্কে বিদেশী  বিনিয়োগ আকৃষ্টকরণ;
- হাই-টেক/আইটি খাতের জন্য প্রয়োজনীয় দক্ষ মানবসম্পদ উন্নয়ন;
- বেসরকারি পর্যায়ে হাই-টেক পার্ক/ সফটওয়ার টেকনোলজি পার্ক স্থাপন উৎসাহিতকরণ;
- হাই-টেক শিল্পের জন্য বিনিয়োগ বান্ধব পলিসি, গাইডলাইনস ও আইন প্রণয়ন;
- হাই-টেক/আইটি শিল্পের স্টার্ট আপদের ইনকিউবেশন সুবিধা প্রদানসহ দেশে উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তোলা;


## ৪.১.৪ প্রশাসনিক কাঠামো

### (ক) জনবল

প্রশাসনিক কাঠামোতে ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক (২ জন), উপ-পরিচালক (৪ জন) সহ মোট অনুমোদিত জনবল ৭৬ জন। বর্তমানে কর্মরত আছেন ৭১ জন, যাদের মধ্যে ১-১০ গ্রেডভুক্ত ২২ জন ও ১১-২০ গ্রেডভুক্ত ৪৯ জন। শূন্য পদের সংখ্যা ০৫টি, যার মধ্যে ১-১০ গ্রেডের ০৩ জন ও ১১-২০ গ্রেডের ০২ জন।

| অনুমোদিত জনবল | | | | বিদ্যমান জনবল | | | | শূন্য পদের বিবরণ | | | | সর্বমোট জনবল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | অনুমোদিত | কর্মরত | শূন্য |
| **২০** | **০৫** | **২৫** | **২৬** | **২০** | **০২** | **২৩** | **২৬** | **-** | **০৩** | **০২** | **-** | **৭৬** | **৭১** | **০৫** |

## (খ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অর্গানোগ্রাম



## ৪.২ ২০২০-২১ অর্থবছরে বাজেট বরাদ্দ ও ব্যয় (উন্নয়ন ও অনুন্নয়ন):

| বিবরণ | ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দ (কোটি টাকায়) | ২০২০-২০২১ অর্থ বছরে ব্যয় (কোটি টাকায়) | ব্যয়ের হার |
|---|---|---|---|
| অনুন্নয়ন | ২০.৯৩ | ২০.৪৩ | ৯৭.৬২% |
| উন্নয়ন | ২৫৬.০০ | ২২১.৩৫ | ৮৬.৪৭% |

### ৪.২.১ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সম্পর্কিত আইন, বিধিমালা ও গাইডলাইন

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সম্পর্কিত আইন, বিধিমালা ও গাইডলাইনসমূহ নিম্নরূপ:

ক। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (সংশোধিত -২০১৪)
খ। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১
গ। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫
ঘ। বেসরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক ঘোষণা সম্পর্কিত গাইডলাইন, ২০১৫
ঙ। ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮
চ। ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৯

### ৪.২.২ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর গুরুত্বপূর্ণ অর্জন (২০২০-২১ অর্থবছরে)

০১. বর্তমানে সারা দেশে ৩৯টি হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের কাজ চলমান রয়েছে এবং ইতোমধ্যে ৫টি পার্ক স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। আরো ৩টি পার্ক নির্মাণের কাজ অল্প সময়েই শেষ হবে।

০২. গাজীপুরে অবস্থিত ‘বঙ্গবন্ধু হাই-টেক সিটি’ দেশের প্রথম ও বৃহত্তম হাই-টেক পার্ক। ৩৫৫ একর জমিতে স্থাপিত ‘বঙ্গবন্ধু হাই-টেক সিটি’-তে বর্তমানে ৫৮টি কোম্পানিকে জমি/স্পেস বরাদ্দ দেয়া হয়েছে। ইতোমধ্যে সেখানে ১৬টি কোম্পানি উৎপাদন শুরু করেছে। কোম্পানিগুলো এই পার্কে মোবাইল ফোন এসেম্বলিং ও উৎপাদন, অপটিকাল ক্যাবল, হার্ডওয়্যার, সফটওয়্যার, ডাটা-সেন্টার প্রভৃতি উচ্চ প্রযুক্তি নিয়ে কাজ করবে।

০৩. দেশের প্রথম Bio-Tech কোম্পানি হিসেবে Oryx Bio-Tech Ltd. কে বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে ১.৬৫ লক্ষ বর্গফুট রেডি স্পেসসহ ২৫ একর জমি বরাদ্দ প্রদান করা হয়েছে। এ প্রতিষ্ঠান ৩০০ মিলিয়ন ডলার বিনিয়োগ করবে।

০৪. শেখ কামাল আইটি ইনকিউবেটর এন্ড ট্রেনিং সেন্টার, রাজশাহীতে ১০টি প্রতিষ্ঠানকে ১৫,৬৪২ বর্গফুট রেডি স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে।

০৫. বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট এ ০৭টি প্রতিষ্ঠানকে ১৫,৭৬০ বর্গফুট রেডি স্পেস এবং ১৩টি প্রতিষ্ঠানকে ৭২.০৬ একর জমি বরাদ্দ প্রদান করা হয়েছে ।

০৬. ২০২১ সালের জুন পর্যন্ত প্রায় ১৬.২৪ লক্ষ বর্গফুট স্পেস নির্মাণ করা হয়েছে এবং ব্যবসায়ের উপযোগী করে প্রায় ৭.৪২ লক্ষ বর্গফুট স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া আরো প্রায় ১৫.৯৬ লক্ষ বর্গফুট স্পেস নির্মাণাধীন রয়েছে। এখন পর্যন্ত হাই-টেক পার্ক ও সফটওয়্যার পার্কে ১৪০টি কোম্পানীকে স্পেস/জমি বরাদ্দ প্রদান করা হয়েছে।

০৭. এই পর্যন্ত হাই-টেক পার্কসমূহে ১১৬টি স্থানীয় স্টার্টআপ কোম্পানিকে বিনামূল্যে স্পেস/কো-ওয়ার্কিং স্পেস বরাদ্দ দেওয়া হয়েছে। (জনতা টাওয়ার সফটওয়্যার টেকনোলজি পার্ক, ঢাকা-১২; শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর-২৩; বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট-১৩; বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী-৩০; শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর-১০; সফটওয়্যার টেকনোলজি পার্ক, চট্টগ্রাম-২৮)

০৮. বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইটি ইন্ডাস্ট্রির জনবলের চাহিদার দিক বিবেচনা করে আগামী ২০২৫ সালের মধ্যে ৫৫,০০০ (পঞ্চান্নো হাজার) এবং ২০৩০ সালের মধ্যে ১,০০,০০০ (এক লক্ষ) তরুণ-তরুণীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কাজ করেছে। ২০৪১ সালের মধ্যে ১৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) জনকে প্রশিক্ষণ প্রদান করবে। ২০২১ সালের জুন পর্যন্ত বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণের মধ্যমে আইসিটি খাতে দক্ষ জনবল তৈরি হয়েছে ২৮,৫০০ জন। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক আইসিটি খাতে ২০২০ সাল পর্যন্ত প্রত্যক্ষ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে ১৩,০০০ জনের।

০৯. ১১৯ টি আইটি/আইটিইএস প্রতিষ্ঠানের Company Certification প্রাপ্তিতে সহায়তা প্রদান করা হচ্ছে। ৮১ টি প্রতিষ্ঠানের সার্টিফিকেশন কার্যক্রম সমাপ্ত হয়েছে।

১০. ওয়ান স্টপ সার্ভিস আইনের আওতায় দেশি-বিদেশী বিনিয়োগকারীকে ১৪৮ ধরনের সেবা প্রদান করা হয় এবং এসব সেবা সমূহের মধ্যে ২০ ধরনের সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে। এপর্যন্ত ২৫০+ টি সেবা স্টেকহোল্ডারগণকে প্রদান করা হয়েছে।

১১. বিশ্ববিদ্যালয় পর্যায়ে গবেষণা ও উদ্ভাবনের সুযোগ সৃষ্টি এবং ৪র্থ শিল্প বিপ্লবের প্রেক্ষিতে নিজেদেরকে দক্ষ করে তোলার জন্য ৩১ টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চ প্রযুক্তির বিশেষায়িত কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে।

১২. বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অর্জন ও সাফল্য বিবেচনায় আন্তর্জাতিক ISO 9001:2015 সার্টিফাইড হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সকল কাজে ও সেবা প্রদানের ক্ষেত্রে আন্তর্জাতিক মান রক্ষা করছে বিধায় দেশি-বিদেশি বিনিয়োগকারীরা বিভিন্ন পার্কে বিনিয়োগে আকৃষ্ট হচ্ছে।

১৩. ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন এবং উচ্চ প্রযুক্তি সম্পন্ন হাই-টেক পার্ক এর অবকাঠামো নির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ WITSA GLOBAL ICT EXCELLENCE AWARDS -2019 পুরস্কার অর্জন করে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে এবং ICT সেক্টরের বিকাশে এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সম্মানজনক আন্তর্জাতিক স্বীকৃতি।

### ৪.২.৩ অভ্যন্তরীন/বৈদেশিক প্রশিক্ষণ

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ২০২০-২১ অর্থ-বছরে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণ সমূহ:

ক) সু-শাসন সংক্রান্ত সিটিজেন চার্টর , এবং বার্ষিক কর্মসম্পাদনচুক্তি (এপিএ )সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
খ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর বিনিয়োগ ও ওএসএস সম্পর্কিত সেমিনার অনুষ্ঠিত হয়েছে।
গ) এডিপি /আরএডিপি ম্যানেজমেন্ট সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
ঘ) ওয়ানস্টপ সার্ভিস সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
ঙ) ই-নথি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
চ) কর্মচারী আচরণ বিধিমালা-১৯৭৯, সরকারি কর্মচারী ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
ছ) Training on Financial Management, Enviroment and Social Impact বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
জ) ওএসএস অনলাইন পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
ঝ) ইনোভেশন, বার্ষিক গোপনীয় প্রতিবেদন এবং অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
ঞ) সরকারি কর্মচারী শৃঙ্খলা অধ্যাদেশ, ১৯৮২ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

### ৪.৩ বার্ষিক কর্মসম্পদান চুক্তি

একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থার পরিপ্রেক্ষিতে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য ২০১৪-১৫ অর্থ-বছর হতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের মাধ্যমে বছরভিত্তিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু হয়েছে। তিনটি কৌশলগত (যথা: অবকাঠামো উন্নয়ন; দক্ষ মানবসম্পদ তৈরি ও ইন্ডাস্ট্রি প্রমোশন) উদ্দেশ্যকে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মধ্যে প্রতিবছর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় তিনটি কৌশল গত উদ্দেশ্যকে বাস্তবায়নের জন্য বিভিন্ন কার্যক্রম গৃহীত হয়। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন করা হয়। সামগ্রিকভাবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন হার ৯৯%।

### ৪.৩.১ বার্ষিক কর্মসম্পদান চুক্তির উল্লেখযোগ্য অর্জন ২০২১ পর্যন্ত

- ✓ আইটি/হাই-টেক পার্কের জন্য ৯,০৬,০০০ বর্গফুট স্পেস নির্মাণ
- ✓ আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারের জন্য ২,৯০,০০০ বর্গফুট স্পেস নির্মাণ
- ✓ সরকারি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ৩১টি ল্যাব স্থাপন
- ✓ ১০০ অধিক কোম্পানীকে আন্তর্জাতিক মানের সার্টিফিকেশন করা হয়েছে।
- ✓ আইটি কোম্পানীসমূহের মধ্যে বরাদ্দযোগ্য স্পেস হতে ৫,০০,০০০ বর্গফুট স্পেস/ফ্লোর বরাদ্দ প্রদান করা হয়েছে।
- ✓ বিভিন্ন পার্কে ১৫০ টি আইটি কোম্পানী ব্যবসায় পরিচালনা করছে।

- ✓ সেবা প্রত্যাশিদের  সেবা সহজীকরনের লক্ষ্যে অনলাইন ওয়ান স্টপ সার্ভিসে ১১ টি সেবা যুক্ত হয়েছে।
- ✓ আইটি বিষয়ে ২৭,৫০০ জনকে প্রশিক্ষণ প্রদান

## ৪.৪ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২০-২১ অর্থবছরের অর্জন

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর প্রায় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে এবং যথাসময়ে প্রমাণক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। যথাসময়ে নৈতিকতা কমিটির সভা এবং অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়েছে এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। চলতি অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ওয়ানস্টপ সার্ভিস ফি পরিপত্র, ডে-কেয়ার ম্যানুয়াল এবং ইনকিউবেশন সেন্টার পরিচালনা ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে। উত্তম চর্চার তালিকা যথাসময়ে প্রণয়ন করা হয়েছে। বিভিন্ন বিষয়ের ফোকাল কর্মকর্তা নির্ধারণপূর্বক তালিকা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।  বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের তথ্য বাতায়ন হালনাগাদকরণ, ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন ও চর্চা, অভিযোগ নিষ্পত্তিকরণ, সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য পরিচ্ছন্ন টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) চালুকরণ এবং সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের জন্য অভিযোগ/পরামর্শ বক্স চালু করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন সকল প্রকল্পের অধিকাংশ ক্রয় প্রক্রিয়া ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে সম্পাদন করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ভেরিফাইড ফেসবুক পেজ এর মাধ্যমে নাগরিক সমস্যার সমাধান এবং বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদানসহ বিভিন্ন তথ্য দেওয়া হচ্ছে। বিভিন্ন ইভেন্টের প্রেসবিজ্ঞপ্তি আপলোড করা হচ্ছে।

## ৪.৫ সিটিজেন চার্টার

### ৪.৫.১ সেবা প্রদান প্রতিশ্রুতি

#### (ক) নাগরিক সেবা

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তি স্থান | | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার [নাম, পদবি, টেলিফোন ও ইমেইল] |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ |
| ১ | বিনিয়োগকারীদের বিভিন্ন সেবা সংক্রান্ত তথ্য দিয়ে সহায়তা প্রদান | ১। টেলিফোন /ইমেইলে /হার্ডকপি সরবরাহ | বিনিয়োগকারী কর্তৃক প্রদত্ত-<br>১। মোবাইল/টেলিফোন নম্বর<br>২। ইমেইল নম্বর<br>৩। Facebook, Viber, imo, Whatsapp. | বাংলাদেশ হাই-টেক পার্ক এর ওয়েবসাইট অথবা ওএসএস শাখা | বিনামূল্যে | ২৪ ঘন্টা | মোছা: মাকছুদা শিল্পী<br>উপ সচিব (ওএসএস)<br>mstmaksuda@yahoo.com<br>+8801818310666 |
| ২ | বিনিয়োগকারী/ডেভেলপারদের সাথে সমন্বয় | ১। টেলিফোন /ইমেইলে/ পত্র মারফত আবেদন | বিনিয়োগকারী/ডেভেলপার কর্তৃক প্রদত্ত-<br>১। মোবাইল/টেলিফোন নম্বর<br>২। ইমেইল নম্বর<br>৩। Facebook, Viber, imo, Whatsapp. | উপ-পরিচালক (সংগ্রহ) প্রধান কার্যালয়ে সংগ্রহ শাখা | বিনামূল্যে | ২৪ ঘন্টা | জনাব মোঃ মাহফুজুল কবির<br>উপ-পরিচালক (সংগ্রহ)<br>mahfuzul@bhtpa.gov.bd<br>০১৭০৭-১০০৪৪৩ |
| ৩ | হাই-টেক পার্কসমূহে স্পেস বরাদ্দের আবেদন | অনলাইনে/ সরাসরি | ১। নির্ধারিত ফরমে আবেদনপত্র। | সহকারী পরিচাল | বিনামূল্যে | ৭ দিন | সহকারী পরিচালক (বিনিয়োগ)<br>shahriar@bhtpa.gov |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তি স্থান | | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার [নাম, পদবি, টেলিফোন ও ইমেইল] |
|---|---|---|---|---|---|---|---|
| | প্রক্রিয়ায় সহায়তা প্রদান | হার্ডকপি আবেদন গ্রহণ | ২। জনবলের তথ্য ৩। ভবিষ্যত কর্ম পরিকল্পনা ৪। বার্ষিক টার্নওভার রিপোর্ট ৫। ট্রেড লাইসেন্স ৬। জাতীয় পরিচয় পত্র ৭। ভ্যাট ও টিন সার্টিফিকেট ৮। অডিট রিপোর্ট | ক (বিনিয়োগ) প্রধান কার্যালয়ে বিনিয়োগ শাখা | | | .bd<br>01716011212 |
| ৪ | হাই-টেক পার্কসমূহে প্লট বরাদ্দের আবেদন সংক্রান্ত সহায়তা প্রদান | ১। টেলিফোন /ইমেইলে/ পত্র মারফত আবেদন | ১। নির্ধারিত ফরমে আবেদনপত্র। ২। জনবলের তথ্য ৩। ভবিষ্যত কর্ম পরিকল্পনা ৪। বার্ষিক টার্নওভার রিপোর্ট ৫। ট্রেড লাইসেন্স ৬। জাতীয় পরিচয় পত্র ৭। ভ্যাট ও টিন সার্টিফিকেট ৮। অডিট রিপোর্ট | উপ-পরিচালক (সংগ্রহ) প্রধান কার্যালয়ে সংগ্রহ শাখা | বিনামূল্যে | ৭ দিন | জনাব মোঃ মাহফুজুল কবির<br>উপ-পরিচালক (সংগ্রহ)<br>mahfuzul@bhtpa.gov.bd<br>০১৭০৭-১০০৪৪৩ |
| ৫ | বিনিয়োগকারী/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে পার্কের অভ্যন্তরীন ইউটিলিটি সেবা প্রদান | ১। টেলিফোন / ইমেইলে/ পত্র মারফত আবেদন | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | বিনামূল্যে | ১৫দিন | জনাব নরোত্তম পাল<br>উপ-পরিচালক (ও এন্ড এম)<br>norottom@bhtpa.gov.bd<br>০১৭১৭৫১৪৮০৬ |
| ৬ | উৎপাদন পর্যায়ে কাঁচামাল আমদানী সংক্রান্ত সহায়তা প্রদান | ১। সরাসরি হার্ডকপি/অনলাইনে আবেদন গ্রহণ | ১। ট্রেড লাইসেন্স এর কপি ১। আমদানী রেজিষ্ট্রেশন সার্টিফিকেট ২। ভ্যাট/ট্যাক্স রেজিষ্ট্রেশন লাইসেন্স ৩। অনুমোদিত ডিলারের তথ্য ৩। শুল্ক সংক্রান্ত গেজেটের কপি। | ওএসএস শাখা | বিনামূল্যে | ২দিন | মোছা: মাকছুদা শিল্পী<br>উপ সচিব (ওএসএস)<br>mstmaksuda@yahoo.com<br>+8801818310666 |
| ৭ | বৈদেশিক বিনিয়োগকারীদের লভ্যাংশ বিদেশে স্থানান্তরের বিষয়ে ব্যাংকিং সুবিধা প্রদান | ১। সরাসরি হার্ডকপি/অনলাইনে আবেদন গ্রহণ | ১। আবেদন পত্র ২। জাতীয় পরিচয় পত্র ৩। ভ্যাট ও টিন সার্টিফিকেট ৪। বাৎসরিক টার্নওভার ৫। ব্যাংক স্টেটমেন্ট ৬। উৎপাদিত পণ্যের ধরন ৭। বিএইচটিপিএ-এর অনাপত্তিপত্র | ওএসএস শাখা | বিনামূল্যে | ৩০ দিন | মোছা: মাকছুদা শিল্পী<br>উপ সচিব (ওএসএস)<br>mstmaksuda@yahoo.com<br>+8801818310666 |
| ৮ | ওয়ার্ক পার্মিট | ১। অনলাইনে আবেদন গ্রহণ | ১। পাসপোর্টের কাপি (স্ট্যাম্প ও ভিসাসহ) ২। জাতীয় দৈনিকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান ৩। নিয়োগপত্র/ চাকুরির চুক্তির কপি ৪। সকল শিক্ষাগত, পেশাগত, কারিগরি | ওএসএস শাখা | ১০০ ডলার প্রতি জন প্রতিবছর | ৭দিন | মোছা: মাকছুদা শিল্পী<br>উপ সচিব (ওএসএস)<br>mstmaksuda@yahoo.com<br>+8801818310666 |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তি স্থান | | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার [নাম, পদবি, টেলিফোন ও ইমেইল] |
|---|---|---|---|---|---|---|---|
| | | | যোগ্যতার ও অভিজ্ঞতার সনদের কপি। ৫। পূর্বের চাকরির অব্যাহতি পত্র ৬। আয়কর সনদ (যদি পূর্বে বাংলাদেশে চাকরি করে থাকেন) ৭। প্রার্থির ছবি ও স্বাক্ষর ৮। সুরক্ষা সেবা বিভাগের নিরাপত্তা ছাড়া পত্র (যদি পূর্বে বাংলাদেশে চাকরি করে থাকেন) | | | | |
| ৯ | প্রজেক্ট রেজিস্ট্রেশন | ১। অনলাইনে আবেদন গ্রহণ | ১। প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্টের কপি ২। মনোনিত প্রতিনিধির জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্টের কপি (যদি থাকে) ৩। প্রতিষ্ঠান প্রধান/ মনোনিত প্রতিনিধির ছবি ও স্বাক্ষর ৪। কোম্পানীর লগো ৫। প্রকল্পের প্রস্তাবনা (৪০০ শব্দের মধ্যে) | ওএসএস শাখা | ১০০ হতে ৫০০ মার্কিন ডলার+৫০০ টাকা+ ভ্যাট | ৭দিন | মোছা: মাকছুদা শিল্পী উপ সচিব (ওএসএস) mstmaksuda@yahoo.com +8801818310666 |
| ১০ | ভিসা সুপারিশ | ১। অনলাইনে আবেদন গ্রহণ | ১। পাসপোর্টের কপি (কমপক্ষে ৬মাসের ভিসাসহ) ২। বিনিয়োগকারির পক্ষ হতে আমন্ত্রণপত্র ৩। নিয়োগপত্র/ চাকুরির চুক্তির কপি (ই-ভিসার ক্ষেত্রে) ৪। প্রার্থির ছবি ও স্বাক্ষর | ওএসএস শাখা | ৫০০ টাকা+ ভ্যাট | ২দিন | মোছা: মাকছুদা শিল্পী উপ সচিব (ওএসএস) mstmaksuda@yahoo.com +8801818310666 |

## (খ) প্রাতিষ্ঠানিক সেবা

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার [ নাম, পদবি, টেলিফোন ও ইমেইল] |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | বিভিন্ন সরকারি/বেসরকারি অফিসকে তথ্য প্রেরণ | ১। সরাসরি হার্ডকপি/অনলাইনে আবেদন গ্রহণ | ১। আবেদন পত্র | বিনামূল্যে | ৩দিন | জনাব মো. গোলাম কিবরিয়া জনসংযোগ কর্মকর্তা ০১৭৩৮৩৪৬৪৫৮ pro@bhtpa.gov.bd |

### (গ) অভ্যন্তরীন সেবা

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার [নাম, পদবি, টেলিফোন ও ইমেইল] |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | 7 |
| ১ | চাকরি স্থায়ীকরণ | | ১) সাদা কাগজে আবেদনপত্র ২) বার্ষিক গোপনীয় প্রতিবেদন | | | নির্দেশিত সময়সীমা | |
| ২ | নতুন সাংগঠনিক কাঠামো প্রণয়ন ও অনুমোদন গ্রহণ | | ১) মেধা, জেষ্ঠ্যতা, অভিজ্ঞতার সনদ ২) বার্ষিক গোপনীয় প্রতিবেদন | প্রশাসন শাখা | বিনামূল্যে | নির্দেশিত সময়সীমা | জনাব হিরণ বড়ুয়া অভি<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন ৮১৮১৭৩৬ |
| ৩ | পদোন্নতি সংক্রান্ত বিষয় | | ১)মেধা, জেষ্ঠ্যতা, অভিজ্ঞতার সনদ | | | | |
| ৪ | অর্জিত ছুটি মঞ্জুর | | ১) সাদা কাগজে আবেদনপত্র | | | ৭ কার্য দিবস | |
| ৫ | শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর | | ১) সাদা কাগজে আবেদনপত্র | | | ৭ কার্যদিবস | |
| ৬ | বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর | | | | | ৭ কার্যদিবস | |
| ৭ | সাধারণ ভবিষ্যত তহবিল এর অগ্রিম মঞ্জুরি | প্রযোজ্য নয় | ১) নির্ধারিত ফরমে আবেদন | হিসাব শাখা | বিনামূল্যে | নির্দেশিত সময়সীমা | জনাব মোঃ রেজওয়ান আলী<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>ফোনঃ ৮১৮১২৯৯<br>aco@bhtpa.gov.bd |
| ৮ | প্রশিক্ষণ সংক্রান্ত বিষয় | | অফিস আদেশ অনুযায়ী | সহকারী প্রকৌশলী (ই/এম) | বিনামূল্যে | নির্দেশিত সময়সীমা | জনাব জিবানুর-বিনতে-জহির<br>সহকারী প্রকৌশলী (ই/এম)<br>০১৯১২৪৬৩৪৪৮<br>gibanur@bhtpa.gov.bd |
| ১১ | আইসিটি সংশ্লিষ্ট সিষ্টেমের উন্নয়ন ও রক্ষনাবেক্ষন | | প্রযোজ্য নহে | মেইনটেন্যান্স শাখা | প্রযোজ্য নহে | নির্দেশিত সময়সীমা | জনাব এস.এম. আল-মামুন<br>মেইনটেন্যান্স ইঞ্জি<br>ফোনঃ ৮১৮১১৬০<br>mamun@bhtpa.gov.bd |
| ১২ | ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল যন্ত্রপাতি সংরক্ষণ, মেরামত ও রক্ষনাবেক্ষন | | প্রযোজ্য নহে | অপারেশন ও মেইনটেন্যান্স শাখা | প্রযোজ্য নহে | নির্দেশিত সময়সীমা | জনাব নরোত্তম পাল<br>উপ-পরিচালক (ও এন্ড এম)<br>norottom@bhtpa.gov.bd<br>০১৭১৭৫১৪৮০৬ |
| ১৩ | ডকুমেন্টারী, ফিচার ফিল্ম ডিজাইন, উন্নয়ন ও নির্মাণ | | জনসংযোগ শাখা | জনসংযোগ শাখা | প্রযোজ্য নহে | নির্দেশিত সময়সীমা | জনাব মো. গোলাম কিবরিয়া<br>জনসংযোগ কর্মকর্তা<br>০১৭৩৮৩৪৬৪৫৮<br>pro@bhtpa.gov.bd |
| ১৪ | আইসিটি সংশ্লিষ্ট সিষ্টেমের উন্নয়ন, মেরামত ও রক্ষনাবেক্ষন | | প্রযোজ্য নহে | সহকারী প্রকৌশলী (ই/এম) | প্রযোজ্য নহে | নির্দেশিত সময়সীমা | জনাব এস.এম. আল-মামুন<br>মেইনটেন্যান্স ইঞ্জি<br>ফোনঃ ৮১৮১১৬০<br>mamun@bhtpa.gov.bd |

## ৪.৬ অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS):

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিস্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) | জনাব এ এন এম সফিকুল ইসলাম<br>পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ<br>ফোনঃ ৫৫০০৬৯৫৫<br>ই-মেইলঃ safiqul@bhtpa.gov.bd<br>www.bhtpa.gov.bd | ৩০ (ত্রিশ) কার্যদিবস |
| ২ | অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | আপিল কর্মকর্তা | জনাব বিকর্ণ কুমার ঘোষ<br>ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ<br>ফোনঃ ৫৫০০৬৯৫৩<br>ই-মেইলঃ md@bhtpa.gov.bd<br>www.bhtpa.gov.bd | ২০ (বিশ) কার্যদিবস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | ৬০ (ষাট) কার্যদিবস |

## ৪.৭ ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) পোর্টালের মাধ্যমে কার্যক্রমসমূহ

বর্তমানে ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) পোর্টাল এর মাধ্যমে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর নিজস্ব ১০ টি সেবা, পরিবেশ অধিদপ্তর এর ৯ টি সেবা এবং জয়েন্ট স্টক কোম্পানি নিবন্ধক এর কার্যালয় এর ১ টি সেবাসহ মোট ২০টি সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে। কোম্পানি নিবন্ধন সেবাটি অনলাইনে প্রদানের উদ্দেশ্যে ইন্টিগ্রেশন এর কাজ চলমান। এছাড়াও জাতীয় রাজস্ব বোর্ড এর ২ টি ও আমদানী রপ্তানি নিয়ন্ত্রক এর কার্যালয় এর ৬ টি, বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর ২ টি এবং কলকারখানা কর্তৃপক্ষ এর ২ টি সেবা ওএসএস পোর্টালের মাধ্যমে অনলাইনে প্রদানের উদ্দেশ্যে আলোচনা চলছে। ওএসএস শাখার মাধ্যমে বিনিয়োগকারীদেরকে অদ্যবধি ১৮০ টি সেবা অনলাইনে এবং সহস্রাধিক সেবা ম্যানুয়ালি প্রদান করা হয়েছে।

### ৪.৭.১ অনলাইন ওয়ান স্টপ সার্ভিস এর ২০২৩ পর্যন্ত সময়ের বিভিন্ন কাজের লক্ষমাত্রাঃ

| বিষয় | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নের কর্মপরিকল্পনা (Action Plan / Road Map) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/২০২১ | জুন/২০২২ | ডিসেম্বর/২০২২ | জুন/২০২৩ | ডিসেম্বর/২০২৩ |
| অবকাঠামো উন্নয়ন | ১। অনলাইন ওএসএস প্লাটফর্ম এর উন্নয়ন | ১। অনলাইন পেমেন্ট এর মাধ্যমে ভাড়া ও ফি গ্রহণ। | ১। অনলাইন ওএসএস এর জন্য AI Chatbot তৈরি। | | ১। অনলাইন ওএসএস পোর্টাল এ সার্ভিস কনফিগারেশন সিস্টেম চালু। | |

| বিষয় | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নের কর্মপরিকল্পনা (Action Plan / Road Map) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/২০২১ | জুন/২০২২ | ডিসেম্বর/২০২২ | জুন/২০২৩ | ডিসেম্বর/২০২৩ |
| | ২। সমঝোতা স্মারক স্বাক্ষরকরণ | ১। জাতীয় রাজস্ব বোর্ড<br>২। পরিবেশ অধিদপ্তর<br>৩। আমদানী-রপ্তানি নিয়ন্ত্রক এর কার্যালয়<br>৪। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স<br>৫। সুরক্ষা সেবা বিভাগ<br>৬। কলকারখানা পরিদর্শক এর কার্যালয়<br>৭। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>৮। কালিয়াকৈর পৌরসভা<br>৯। যশোর পৌরসভা<br>১০। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদসমূহ<br>১১। রাজশাহী সিটি কর্পোরেশন<br>১২। রংপুর সিটি | ১। বাংলাদেশ ব্যাংক<br>২। এটুআই প্রোগ্রাম<br>৩। বিসিএস<br>৪। বেসিস<br>৫। বাক্কো<br>৬। ই-ক্যাব<br>৭। চেম্বার অব কমার্স, ঢাকা<br>৮। চেম্বার অব কমার্স, চট্টগ্রাম<br>৯। চেম্বার অব কমার্স, সিলেট<br>১০। চেম্বার অব কমার্স, রাজশাহী<br>১১। চেম্বার অব কমার্স, খুলনা<br>১২। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ১। সংশ্লিষ্ট ডিসি অফিসসমূহ<br>২। স্থলবন্দর সমূহের কর্তৃপক্ষ<br>৩। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ<br>৪। মংলা বন্দর কর্তৃপক্ষ<br>৫। পায়রা বন্দর কর্তৃপক্ষ<br>৬। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন<br>৭। বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড<br>৮। চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৯। সিলেট সিটি কর্পোরেশন,<br>১০। খুলনা সিটি কর্পোরেশন | ১। প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর<br>২। বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো<br>৩। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ<br>৪। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর<br>৫। বিদ্যুৎ সংযোগকারী প্রতিষ্ঠান<br>৬। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>৭। বিস্ফোরক অধিদপ্তর<br>৮। প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়<br>৯। বাংলাদেশ কপিরাইট অফিস<br>১০। সাধারণ বীমা কর্পোরেশন<br>১১। বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন | |

| বিষয় | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নের কর্মপরিকল্পনা (Action Plan / Road Map) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/২০২১ | জুন/২০২২ | ডিসেম্বর/২০২২ | জুন/২০২৩ | ডিসেম্বর/২০২৩ |
| | | কর্পোরেশন | | | | |
| | ৩। অনলাইন ওএসএস এর সাথে অন্যান্য সরকারি সংস্থার ই-সার্ভিস সমূহ এর ইন্টিগ্রেশন | ১। যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর এর Online Name Clearance সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর ইন্টিগ্রেশন।<br><br>২। যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর এর Online Company Registration সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর | ১। সুরক্ষা সেবা বিভাগ এর অনলাইন সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর ইন্টিগ্রেশন।<br><br>২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অনলাইন সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর ইন্টিগ্রেশন।<br><br>৩। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br><br>৪। কলকারখানা পরিদর্শক এর কার্যালয় এর | ১। বাংলাদেশ ব্যাংক<br><br>২। কালিয়াকৈর পৌরসভা<br><br>৩। যশোর পৌরসভা<br><br>৪। একসেবা, এটুআই প্রোগ্রাম<br><br>৫। বিসিএস<br><br>৬। স্থলবন্দর সমূহের কর্তৃপক্ষ<br><br>৭। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | ১। বেসিস<br><br>২। বাক্কো<br><br>৩। ই-ক্যাব<br><br>৪। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br><br>৫। চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>৬। সিলেট সিটি কর্পোরেশন,<br><br>৭। খুলনা সিটি কর্পোরেশন | অন্যান্য সরকারি সংস্থার ই-সার্ভিস এর সাথে ইন্টিগ্রেশন এর কার্যক্রম |

| বিষয় | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নের কর্মপরিকল্পনা (Action Plan / Road Map) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/২০২১ | জুন/২০২২ | ডিসেম্বর/২০২২ | জুন/২০২৩ | ডিসেম্বর/২০২৩ |
| | | ইন্টিগ্রেশন।<br><br>৩। জাতীয় রাজস্ব বোর্ড এর e-TIN সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর ইন্টিগ্রেশন।<br><br>৪। জাতীয় রাজস্ব বোর্ড এর e-BIN সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর ইন্টিগ্রেশন।<br><br>৫। পরিবেশ অধিদপ্তর এর অনলাইন সিস্টেম এর সাথে ওএসএস এর ইন্টিগ্রেশন।<br><br>৬। আমদানী-রপ্তানি নিয়ন্ত্রক এর কার্যালয় এর অনলাইন সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর ইন্টিগ্রেশন। | অনলাইন সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর ইন্টিগ্রেশন।<br><br>৫। সুরক্ষা ও সেবা বিভাগের সাথে<br><br>৬। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | | | |

| বিষয় | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নের কর্মপরিকল্পনা (Action Plan / Road Map) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/২০২১ | জুন/২০২২ | ডিসেম্বর/২০২২ | জুন/২০২৩ | ডিসেম্বর/২০২৩ |
| | | | | | | |
| | ৪। অনলাইন ওএসএস প্লাটফর্ম এ সেবা সংযুক্তকরন<br><br>(১০০+) | ১। লোকাল সেলস পারমিট<br><br>২। লোকাল পারচেজ পারমিট<br><br>৩। Name Clearance<br><br>৪। Company Registration<br><br>৫। e-TIN<br><br>৬। e-BIN<br><br>৭। Environment<br><br>Clearance (Red)<br><br>৮। Environment Clearance (Orange A)<br><br>৯। Environment Clearance (Orange B)<br><br>১০। Environm | ১। প্রজেক্ট রেজিস্ট্রেশন সংশোধন<br><br>২। প্রজেক্ট রেজিস্ট্রেশন বাতিলকরণ<br><br>৩। ওয়ার্ক পারমিট সংশোধন<br><br>৪। ওয়ার্ক পারমিট বাতিলকরণ<br><br>৫। ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ<br><br>৬। শ্রেনি পরিবর্তনসহ ভিসার মেয়াদ পরিবর্তন<br><br>৭। অন এরাইভাল ভিসা সুপারিশ<br><br>৮। অনলাইন ট্রেড লাইসেন্স<br><br>৯। সিকিউরিটি ক্লিয়ারেন্স<br><br>১০। ফায়ার সেফটি প্ল্যান<br><br>১১। ফায়ার লাইসেন্স<br><br>১২। কারখানা বা | ১। নমুনা আমদানী অনুমোদন<br><br>২। নমুনা রপ্তানী অনুমোদন<br><br>৩। স্পেস বরাদ্দ সংশোধন<br><br>৪। জমি বরাদ্দ সংশোধন<br><br>৫। ETP স্থাপন এর ছাড়পত্র<br><br>৬। CETP স্থাপন এর ছাড়পত্র<br><br>৭। প্রজেক্ট ক্লিয়ারেন্স সংশোধন<br><br>৮। বেসরকারী পার্ক ঘোষনা<br><br>৯। প্রাইভেট হাই-টেক/আইটি পার্ক এর মেয়াদ বর্ধিতকরণ<br><br>১০। অফসোর ব্যাংকিং লাইসেন্স এর অনাপত্তি পত্র<br><br>১১। ব্যাংক একাউন্ট | ১। সাব কন্ট্রাক্ট এর অনুমতিপত্র<br><br>২। ব্যাংক ঋণ এর অনাপত্তি পত্র<br><br>৩। বৈদেশিক ঋণ এর অনাপত্তি পত্র<br><br>৫। জেনারেটর স্থাপনের অনুমতিপত্র<br><br>৬। বৈদ্যুতিক সাবস্টেশন স্থাপনের অনুমতিপত্র<br><br>৭। কারখানা বা প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন / সংশোধন<br><br>৮। কাস্টমস সংক্রান্ত ছাড়পত্র<br><br>৯। কান্ট্রি অব অরিজিন সনদ (জিএসপি)<br><br>১০। কান্ট্রি অব অরিজিন সনদ (সাধারণ) | ১। মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট সনদ<br><br>২। ভবন/ স্থাপনা/ টাওয়ার প্রভৃতি উচ্চতার ছাড়পত্র<br><br>৩। নকশা অনুমোদন<br><br>৪। জাতীয় রাজস্ব বোর্ড এর অনলাইন ট্যাক্স রিটার্ন সাবমিশন সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস পোর্টাল এর ইন্টিগ্রেশন<br><br>৫। বাংলাদেশ ব্যাংক এর বৈদেশিক মুদ্রা বিষয়ক অনলাইন সিস্টেম এর সাথে অনলাইন ওএসএস এর ইন্টিগ্রেশন<br><br>৬। কপিরাইট অধিদপ্তর এর সাথে অনলাইন ওএসএস পোর্টাল এর ইন্টিগ্রেশন<br><br>৬। অন্যান্য সার্ভিস গুলোর ইন্টিগ্রেশন |

| বিষয় | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নের কর্মপরিকল্পনা (Action Plan / Road Map) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/২০২১ | জুন/২০২২ | ডিসেম্বর/২০২২ | জুন/২০২৩ | ডিসেম্বর/২০২৩ |
| | | ent Clearance (Green)<br><br>১২। Environment Clearance Renew (Red)<br><br>১৩। Environment Clearance Renew (Orange A)<br><br>১৪। Environment Clearance Renew (Orange B)<br><br>১৫। Environment Clearance Renew (Green)<br><br>১৬। EIA Approval<br><br>**১৭। প্রজেক্ট রেজিস্ট্রেশন নবায়ন**<br><br>**১৮। ওয়ার্ক পারমিট এর** | প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান<br><br>১৩Import Registration Certificate<br><br>১৪। Export Registration Certificate<br><br>১৫। Import Permit<br><br>১৬। Export Permit | | | |

| বিষয় | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নের কর্মপরিকল্পনা (Action Plan / Road Map) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/২০২১ | জুন/২০২২ | ডিসেম্বর/২০২২ | জুন/২০২৩ | ডিসেম্বর/২০২৩ |
| | | মেয়াদ বৃদ্ধিকরণ | | | | |
| | ৫। সেবাসমূহের SOP তৈরি ও চূড়ান্তকরণ | উপরে বর্ণিত সেবাসমূহ | | | | |
| | ৬। সেবাভিত্তিক গাইডলাইন প্রস্তুতকরন | উপরে বর্ণিত সেবাসমূহ | | | | |
| ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম | ১১। ইনভেস্টর জার্নি ডিজিটাল সাইনেজ তৈরি ও উন্নয়ন | | প্রয়োজন অনুযায়ী আরও একটি ডিজিটাল সাইনেজ তৈরি ও স্থাপন। | | | |
| হেল্প ডেস্ক | ১২।ওএসএস হেল্প ডেস্ক স্থাপন | উদ্যোগ গ্রহণ | কার্যক্রম চালুকরণ | | | |
| মানব সম্পদ উন্নয়ন | ১৩। ওএসএস ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ | ১০০ জন | ১০০ জন | ১০০ জন | ১০০ জন | ২০০ জন |

## ৪.৮ অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম

| মোট আপত্তি | ২০২০-২০২১ অর্থ বছরে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | অবশিষ্ট আপত্তি |
|---|---|---|---|
| ৮৮ | ২৩ | ৪২ | ৪৬ |

## ৪.৯ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণ

### ৪.৯.১ কালিয়াকৈর হাই-টেক পার্ক (এবং অন্যান্য হাই-টেক পার্ক) এর উন্নয়ন প্রকল্প

#### (ক) প্রকল্প পরিচিতি

| নাম | কালিয়াকৈর হাই-টেক পার্ক (এবং অন্যান্য হাই-টেক পার্ক) এর উন্নয়ন প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | জুন ২০১৩- ২৮ ফেব্রুয়ারি ২০২১ (সমাপ্ত) | |
| প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | ৩৯৪১৪.৮১ টাকা | |
| | GOB | ২৯৪৭.১১ টাকা |
| | PA | ৩৬৪৬৭.৭০ টাকা |

#### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

i) কালিয়াকৈর হাই-টেক পার্কে আইসিটি ও অন্যান্য জ্ঞানভিত্তিক শিল্প গড়ে তোলার জন্য বিশ্বমানের বিনিয়োগ পরিবেশ সৃষ্টি।
ii) হাই-টেক পার্কসমূহে নাম করা আইসিটি কোম্পানীর বিনিয়োগ আকৃষ্ট করার জন্য যথোপযুক্ত অবকাঠামো গড়ে তোলা।
iii) প্রযুক্তির উৎকর্ষতা ও ফার্ম পর্যায়ে উদ্ভাবনী কার্যক্রমে সহায়তা প্রদান।
iv) হাই-টেক পার্কের সাথে সম্পার্কিত বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যবসায় পরিবেশের উন্নয়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি।
v) আইটি / আইসিটি বিষয়ে দক্ষ মানব সম্পদ উন্নয়ন এবং চাকুরীর ক্ষেত্র তৈরি করা।

#### (গ) প্রকল্পের মূল কম্পোনেন্টসমূহ

- বঙ্গবন্ধু হাই-টেক সিটির অভ্যন্তরীন রাস্তা (৩.১ কি. মি.) নির্মাণ।
- বঙ্গবন্ধু হাই-টেক সিটির আশে-পাশের মানুষের জন্য বিকল্প রাস্তা (প্রায় ২৬৯৬ মিটার)নির্মাণ।
- শেখ হাসিনা সফটওয়্যার পার্ক, যশোরে মাল্টিটেন্যান্ট ভবন নির্মাণ। ৪তলা ৫২ হাজার বর্গফুট।
- বঙ্গবন্ধু হাই-টেক সিটির পার্শ্ববর্তী গ্রামের মানুষের জন্য বিকল্প রাস্তা- ২নির্মাণ। রাস্তার দৈর্ঘ্য প্রায় ১১৫০ মিটার।
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে সুয়ারেজ লাইন নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে সড়ক বাতি নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটির ৩ তলা প্রশাসনিক ভবনে ফিটিং ফিক্সার স্থাপন
- বিকল্প রাস্তার স্ট্রীট লাইট নির্মাণ
- কালিয়াকৈর হাই-টেক পার্কে স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটির বাউন্ডারী ওয়াল নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটির কাস্টমস হাউজ নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে ৬ টি কালভাট নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে পানি সরবরাহ লাইন নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে ব্রিজ নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে অভ্যন্তরীণ বিদুৎ লাইন স্থাপন
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে অভ্যন্তরীণ (শাখা সড়ক) নির্মাণ
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে লেক উন্নয়ন
- বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে অভ্যন্তরীণ বিদ্যুৎ লাইন স্থাপন

- জনতা টাওয়ারের সংস্কার কাজ
- রাজশাহী হাই-টেক পার্কে  সড়ক বাতি নির্মাণ।
- রাজশাহী হাই-টেক পার্কে অভ্যন্তরীণ সড়ক নির্মাণ এবং ভূমি উন্নয়ন
- রাজশাহী হাই-টেক পার্কে বাউন্ডারী ওয়াল এবং গেইট নির্মাণ।
- রাজশাহী হাই-টেক পার্কে Training & Incubator Center ভবন নির্মাণ।
- খুলনা হাই-টেক পার্কে অভ্যন্তরীণ সড়ক নির্মাণ ও ভূমি উন্নয়ন
- খুলনা হাই-টেক পার্ক স্ট্রিট লাইট স্থাপন
- খুলনা হাই-টেক পার্কে বাউন্ডারী ওয়াল এবং গেইট নির্মাণ।
- খুলনা হাই-টেক পার্কে Training & Incubator Center ভবন নির্মাণ।
- সিলেট হাই-টেক পার্কে বিদ্যুৎ লাইন নির্মাণ
- সিলেট হাই-টেক পার্কের ভূমি উন্নয়ন
- চট্টগ্রাম সফটওয়্যার টেকনোলোজি পার্ক স্থাপন
- দুইটি এসি বাস ক্রয় ( বিনিয়োগকারীদের ধাকা-কালিয়াকৈর যাতায়াত সেবা প্রদানের জন্য)
- ইতোমধ্যে ৬৫ টি আইটি প্রতিষ্ঠান কর্তৃক ১৮৯১ টি নতুন কর্মসংস্থানের সৃষ্টি করা হয়েছে।
- ইতোমধ্যে ১০৭২ জন ম্যানেজার ও প্রফেশনালকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে।
- আইটি ফার্মের  ৮৮ জন CEO/COO কে দেশে ও দেশের বাইরে ১২ দিন মেয়াদী ০৯টি মডিউলের উপরে “Advanced Management Program”শীর্ষক প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- ৯৮ জন কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটস ভারতের মহিশুরে অবস্থিত ইনফোসিসের প্রশিক্ষণ কেন্দ্রে ১২ জানুয়ারী-২৪মার্চ ২০১৫ পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণ করেছে।
- Six Sigma কোর্সের ৬টি ব্যাচের ১১২, Oracle কোর্সের ৪টি ব্যাচের মোট ৮৬ জনের এবং এর ২টি ব্যাচের ৪০ জনসহ মোট ২৩৮ জনের প্রশিক্ষণ শেষ হয়েছে।
- Work Force Training Program এর মাধ্যমে মোট ২৫টি কোর্সে ২০০০ জনকে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে যার মধ্যে মহিলা ৩১%।
- এ পর্যন্ত মোট ২১টি কোর্সে ১৬৫০ জনকে Vendor certification প্রাপ্তিতে সহায়তা প্রদান করা হয়।  (Exin Cloud computing Foundation, ITIL Foundation, Agile Scrum Foundation, CCNA, CCNA Security, CCNP, Cyber Security, Zend Certification, ASP. Net, PMP, Red Hat Linux, Vmware certified Associate, Microsoft Certified Exam)
- Skill enhancement Program কার্যক্রমের আওতায় ৩৪টি প্রতিষ্ঠানের মাধ্যমে ২৯টি বিষয়ের উপর ১১২০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। যার মধ্যে মহিলা ২৩%।
- **Specialized Training for the Employee of the Tenant Firm** আওতায় মোট ১৯টি কোর্সে ১৪২০ **জনকে** প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- **Specialized Training for Women and disabled** প্রোগ্রামটির আওতায় ৫টি কোর্সে **২৪২০ জনকে** প্রশিক্ষণ প্রদান করা হয়।
- দেশের আইটি আইটিই/এস সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন আইটি প্রতিষ্ঠানকে Quality Certification (ISO-9001,27001, CMMI -3, CMMI -5 ) সার্টিফিকেশনের জন্য সহায়তা প্রদান। ১১৯টি প্রতিষ্ঠানকে সার্টিফিকেশনের জন্য সহায়তা প্রদানের  করা হয়েছে।
- Knowledge based economy গড়ে তোলার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নের জন্য তাদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান ও গবেষনা কাজে সহায়তা করা। ইতোমধ্যে ২৫টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে এবং ৬টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ল্যাব স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে।



শেখ কামাল আইটি ইনকিউবেটর এন্ড ট্রেনিং সেন্টার, রাজশাহী



শেখ কামাল আইটি ইনকিউবেটর এন্ড ট্রেনিং সেন্টার, কুয়েট, খুলনা



চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক নির্মিত সিংগাপুর-ব্যাংকক মার্কেটের ৬-১১ তলা উর্ধ্বমূখী সম্প্রসারণের মাধ্যমে চট্টগ্রাম সফটওয়ার টেকনোলজি পার্ক

### ৪.৯.২ প্রকল্পের পরিচিতি:

| নাম | ‘‘বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী’’ | |
|---|---|---|
| মেয়াদ | জুলাই,২০১৬ হতে ডিসেম্বর, ২০২২ খ্রি: | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমান |
| | জিওবি | ৩৩৫৫০.৭৪ লক্ষ টাকা (২য় সংশোধিত) |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- রাজশাহীতে জ্ঞানভিত্তিক আইটি ইন্ডাস্ট্রি স্থাপন করা।
- দেশী বিদেশী বিনিয়োগকারীগণকে আকৃষ্টকরণের নিমিত্ত ব্যবসায়িক পরিবেশ সৃষ্টি করা।
- নতুন আইটি উদ্যোক্তাদের সুযোগ সৃষ্টি করে দেয়া।
- কর্মসংস্থানের সৃষ্টি করা।

**(খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:**

- ২টি বেজমেন্টসহ ১০-তলা বিশিষ্ট ২ লক্ষ ৯৭ হাজার বর্গফুটের **জয় সিলিকন টাওয়ার** (মাল্টি পারপাস ভবন-এমপিবি) এর মুল কাঠামো (স্ট্রাকচার) নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ফিনিশিং আইটেম সংক্রান্ত কার্যক্রম পুরোদমে চলমান রয়েছে। এ কাজের আনুমানিক ৮০% কাজ বাস্তবায়িত হয়েছে।
- জয় সিলিকন টাওয়ার-এর অডিটোরিয়াম ভবনের ৩য় তলায় একটি অত্যাধুনিক সিনেপ্লেক্স (ডলবি ডিজিটাল সাউন্ড সিস্টেমসহ) স্থাপন সংক্রান্ত কার্যক্রম দ্রুততার সাথে এগিয়ে চলছে।
- জয় সিলিকন টাওয়ার-এর ২য় তলায় **'বঙ্গবন্ধু ডিজিটাল মিউজিয়াম'** স্থাপনের কার্যক্রম অগ্রসরমান।
- সাব-স্টেশন ও জেনারেটর ভবন, সীমানা প্রাচীর/ফেন্সীং, গেইট ও ব্যারাক নির্মাণ কাজের প্রায় ৯২% সম্পন্ন হয়েছে।
- ডিপ টিউবওয়েল ও বহিঃস্থ পানি সরবরাহ, রেইন ওয়াটার হারভেস্টিং কাজের প্রায় ৯৫% সম্পন্ন হয়েছে।
- অভ্যন্তরীণ রাস্তা, ভূগর্ভস্থ আরসিসি স্যুয়ারেজ পাইপ ড্রেন, আরসিসি কমন ইউটিলিটি-ডাক্ট, বহিঃস্থ ড্রেন (আরআরএফ) নির্মাণের প্রায় ৯০% কাজ বাস্তবায়িত হয়েছে।
- রিটেইনিং ওয়াল এবং জলাধার নির্মাণের প্রায় ৮০% বাস্তবায়িত সম্পন্ন হয়েছে।
- স্লুইস-গেট ও সংশ্লিষ্ট রাস্তাসহ ড্রেনেজ ব্যবস্থার প্রায় ৬৫% কাজ সম্পন্ন হয়েছে।
- টো-ওয়াল, টার্ফিং, প্ল্যান্টেসন ইত্যাদি কাজের প্রায় ৬০% বাস্তবায়িত হয়েছে।
- জয় সিলিকন টাওয়ারে HVAC ব্যবস্থাপনার প্রায় ৬০% কাজ সম্পন্ন হয়েছে।
- ২০০০ (৪X৫০০) কেভিএ জেনারেটর স্থাপন সংক্রান্ত কাজের প্রায় ৬৫% সম্পন্ন হয়েছে।
- ১০ এমভিএ ৩৩/১১ কেভিএ সাব-স্টেশন স্থাপনের প্রায় ৭৫% কাজ সম্পন্ন হয়েছে।
- ২৫০০ কেভিএ সাব-স্টেশন ও প্রকল্পের বাণিজ্যিক প্লটসমূহে উচ্চ ক্ষমতার বৈদ্যুতিক সংযোগের জন্য Ring Main Unit (RMU) স্থাপন কাজের প্রায় ৫০% কাজ সম্পন্ন হয়েছে।
- ৪-টি লিফট্ (প্রতিটি ২১ জন ধারণক্ষমতা সম্পন্ন) স্থাপনের প্রায় ৪৫% কাজ বাস্তবায়িত হয়েছে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ে AR/VR/MR ল্যাব স্থাপন ও তৎসংশ্লিষ্ট প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট)-এ Internet of Things (IoT) ল্যাব স্থাপন ও তৎসংশ্লিষ্ট প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।




জয় সিলিকন টাওয়ার এবং মাল্টি-পারপাস অডিটোরিয়াম কাম সিনেপ্লেক্স ভবন




প্রকল্পের মাস্টারপ্ল্যান (ত্রিমাত্রিক)



জয় সিলিকন টাওয়ার (মাল্টি পারপাস ভবন-এমপিবি)



তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের প্রকল্পের সার্বিক কার্যক্রমের অগ্রগতি পরিদর্শন




সাব-স্টেশন ও জেনারেটর ভবন



প্রকল্পের প্রধান প্রবেশ গেট




প্রকল্পের অভ্যন্তরীণ রাস্তা, ভূগর্ভস্থ আরসিসি স্যুয়ারেজ পাইপ ড্রেন, আরসিসি কমন ইউটিলিটি-ডাক্ট



১০ এমভিএ ট্রান্সফরমার



প্রকল্প পরিচালক ১০এমভিএ ৩৩/১১ কেভিএ সাব-স্টেশন স্থাপনের কাজ তদারকি করছেন

### ৪.৯.৩ প্রকল্প পরিচিতি:

| | |
|---|---|
| নাম | ‘বঙ্গাবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট, এর প্রাথমিক অবকাঠামো নির্মাণ (২য় সংশোধিত)’ শীর্ষক প্রকল্প। |
| মেয়াদ | ০১-০১-২০১৬ হতে ৩১-১২-২০২১ইং |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস জিওবিঃ ৩৩৬৪২.৪৯ লক্ষ টাকা । |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- হাই-টেক পার্ক/ইলেকট্রনিক্স সিটির সহায়ক প্রাথমিক অবকাঠামো নির্মাণ;
- বিশ্বমানের বিনিয়োগ পরিবেশ এবং সুযোগ সুবিধাদি সৃষ্টির মাধ্যমে দেশি-বিদেশি আন্তর্জাতিক পর্যায়ের আইটি/আইটিএস প্রতিষ্ঠান এবং ডেভেলপার প্রতিষ্ঠানকে পার্কে আকৃষ্টকরণ;
- আইসিটি পেশাজীবীদের জন্য চাকুরীর ক্ষেত্র তৈরী করা
- ডিজিটাল বাংলাদেশ-ভিশন ২০২১ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ।
- দক্ষ জনবল তৈরি করা পঞ্চাশ হাজার (৫০,০০০) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

### (খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- সাইট উন্নয়ন কাজ (বালু দ্বারা) ১০০% সম্পন্ন করা হয়েছে।
- বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ কাজ (মাটি দ্বারা) ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ইন্টারনাল লেক কাম ওয়াটার রিটেশন পন্ড নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- টো-ওয়াল নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে।
- আইটি বিজনেস সেন্টার (প্রশাসনিক ভবন) নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- আর.সি.সি ব্রিজ নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- গেইট হাউজ নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।

- ৩৩/১১ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ডিপ টিউবওয়েল, পানি সরবরাহ সিস্টেম ও পানির পাম্প নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে।
- ইউটিলিটি ভবন নির্মাণ নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- বৈদ্যুতিক সংযোগ সিলেট থেকে প্রকল্প এলাকা (৩০ কি.মি.) নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- সূয়্যারেজ সিস্টেম নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ফেঞ্চ অ্যারাউন্ড দা এডমিন বিল্ডিং নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- গ্যাস সংযোগ স্থাপন (৩০ কি.মি.) ৯০% নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।
- বঙ্গবন্ধু স্মৃতি অঙ্গন নির্মাণ কাজ ৯০% সম্পন্ করা হয়েছে।
- আনসার ব্যারাক নির্মাণ কাজ ৮৫% সম্পন্ন করা হয়েছে।
- ড্রেনেজ সিস্টেম (পাইপ ও পিট) নির্মাণ কাজ ৮০% সম্পন্ন করা হয়েছে।
- বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ ৭৫% সম্পন্ন করা হয়েছে।
- ইরোশন কন্ট্রোল ব্লক নির্মাণ কাজ ৭০% সম্পন্ন করা হয়েছে।
- প্রধান রাস্তা (১৫ মিটার প্রস্থ এবং ১৬৫০ মিটার দৈর্ঘ্য ও ৯ মিটার প্রস্থ এবং ১০৮০ মিটার দৈর্ঘ্য) নির্মাণ কাজ ৬৫% সম্পন্ন করা হয়েছে।
- কালভার্ট কাম স্লুইচ গেইট নির্মাণ কাজ ৫৬% সম্পন্ন করা হয়েছে।
- ঘাট কাম স্লোপ প্রোটেকশন ( প্রস্থ ১৫.১৬ মি.) নির্মাণ কাজ ২৫% সম্পন্ন করা হয়েছে।
- সার্ভিস ডাক্ট নির্মাণ কাজ ২০% সম্পন্ন করা হয়েছে।
- প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি: ৮৫.১৯% এবং বাস্তব অগ্রগতি: ৮৬%।




আইটি বিজনেস সেন্টার (প্রশাসনিক ভবন)



প্রবেশ পথ



ব্রিজ



ভুমি উন্নয়ন



সাব-স্টেশন ভবন



**গ্যাস সংযোগ**



**আনসার ব্যারাক**



ডিপ টিউবওয়েল



ইউটিলিটি ভবন

### ৪.৯.৪ প্রকল্পের পরিচিতি:

| নাম | "শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (২য় সংশোধিত)" প্রকল্প। |
|---|---|
| মেয়াদ | জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০২১ |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস: জিওবি; পরিমান: ৫৩৩.৫৪ (কোটি টাকা) |

**(ক) লক্ষ্য ও উদ্দেশ্য:**

- এস.এস.সি ও এইচ.এস.সি পর্যায়ে ছাত্র-ছাত্রীদের আইটিতে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা।
- একাডেমিয়া এবং আইটি ইন্ডাস্ট্রির মধ্যে সেতুবন্ধন প্রতিষ্ঠা করা।
- আইটি/আইটিইএস সম্পর্কিত খাতে বাংলাদেশের যুব সমাজের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

**(খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:**

- অবকাঠামোগত অগ্রগতি: বরিশাল, মাগুরা, সিলেট, কুমিল্লা ও নাটোর জেলার ৬ তলার অবকাঠামোগত কাজ সম্পন্ন হয়েছে, বর্তমানে টাইলস, সেনেটারি, ইলেকট্রিক্যাল ও ফিনিশিং এর কাজ চলমান। নেত্রকোণা জেলার ৬ষ্ঠ তলার কাজ চলমান রয়েছে। রংপুর ও চট্টগ্রাম জেলার পাইলিং এর কাজ শেষে গ্রাউন্ড ফ্লোরের কাজ চলমান আছে।

- প্রশিক্ষণ বিষয়ে অগ্রগতি: ১৬০০০ জনের মধ্যে ইতোমধ্যে ৭১০০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ৩৫০০ জনের প্রশিক্ষণ প্রদানের জন্য ইওআই মূল্যায়ন শেষে আরএফপির মূল্যায়ন কাজ চলমান আছে। বাকি ৫৪০০ জনের প্রশিক্ষণ প্রদানের জন্য ইওআই মূল্যায়নের কাজ চলমান আছে।




বরিশালে নির্মিতব্য ভবন



মাগুরায় নির্মিতব্য ভবন




সিলেটে নির্মিতব্য ভবন



কুমিল্লায় নির্মিতব্য ভবন



নাটোরে নির্মিতব্য ভবন



নেত্রকোনায় নির্মিতব্য ভবন

### ৪.৯.৫ প্রকল্পের পরিচিতি:

| নাম | জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২টি জেলায়) প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | ০১/০৭/২০১৭ হতে ৩০/০৬/২০২৪ খ্রি: | |
| প্রাক্কলিত ব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি<br>প্রকল্প সাহায্য<br>**মোট** | ৩০২০৯.০০ লাখ টাকা<br>১৫৪৪০০.০৭ লাখ টাকা<br>**১৮৪৬০৯.০০ লাখ টাকা (১ম প্রস্তাবিত)** |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য

- আইটি পার্কের অবকাঠামো স্থাপন।
- মানব সম্পদ উন্নয়ন।
- আইটি শিল্পের বিকাশ ও উন্নয়নে স্থানীয় ও বৈদেশিক কোম্পানীকে আকৃষ্টকরন আইটি/আইটিইএস/বিপিও/কেপিও এবং কর্মসংস্থান সৃষ্টি।
- প্রকল্পের আওতায় আইটি/আইটিইএস বিষয়ে তরুন-তরুনীদের প্রশিক্ষণ প্রদান করা হবে।

### (খ) প্রকল্পের মূল কম্পোনেন্ট

- প্রতিটি পার্কে ৭তলা মাল্টিট্যানেন্ট ভবন নির্মাণ।
- প্রতিটি পার্কে সিনেপ্লেক্স ভবন নির্মাণ।
- ৩ টি পার্কে ডরমিটরি ভবন নির্মাণ।
- প্রতিটি পার্কে ইলেকট্রো-মেকানিক্যাল কাজ।

### (গ) প্রকল্পের অগ্রগতি

- ১২ টি প্রকল্পের ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে।
- ১২ টি প্রকল্প এলাকার মাটি পরীক্ষা সম্পন্ন হয়েছে।
- প্রকল্পের কন্সেপ্ট ডিজাইন ও ইস্কিমেটিক ডিজাইন সম্পন্ন হয়েছে।
- প্রকল্পের আওতায় ১০০ জন গ্রাজুয়েটকে বিদেশে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হবে। ইতোমধ্যে ৫০ জন প্রশিক্ষণার্থী EEE/CSE/IT/Computer Science/ Software Engineering গ্রাজুয়েটকে জাপানে উচ্চতর বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বাকী ৫০ জন প্রশিক্ষণার্থীকে বিদেশে উচ্চতর প্রশিক্ষণ প্রদানের কাজ চলমান।
- প্রকল্পের আওতায় ১২ টি জেলায় ৭ তলা মাল্টিটেনেন্ট ভবন নির্মাণ, ইলেকট্রো-মেকানিক্যাল ও যাবতীয় কাজ সহ হাই-টেক পার্ক নির্মাণের লক্ষ্যে তিন (০৩) টি প্যাকেজের মাধ্যমে পুনঃদরপত্র আহবান করা হয়।






জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্কের স্কিমেটিক ডিজাইন

### ৪.৯.৬ প্রকল্পের পরিচিতি:

| নাম | **শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর, চুয়েট** | |
|---|---|---|
| মেয়াদ | জুলাই ২০১৭ থেকে জুন ২০২২ পর্যন্ত | |
| প্রাক্কলিত ব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি | ১১৭০৯.০০ কোটি টাকা |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:


- বিশ্ববিদ্যালয়ের স্নাতকদেরকে উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে সহায়তা প্রদান;
- বিশ্ববিদ্যালয় এবং আইটি শিল্প এর মধ্যে কার্যকর সংযোগ স্থাপন করা;
- বিশ্ববিদ্যালয়ের অনুষদ এবং শিক্ষার্থীদের জন্য গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রমে সুযোগ সৃষ্টি করা; এবং
- ভৌত অবকাঠামো ও আনুষঙ্গিক সুবিধাদি তৈরি করা।

### (খ) প্রকল্পের মূল কম্পোনেন্ট

- ১০ তলা ইনকিউবেশান ভবন (৫০ হাজার বর্গফুট)
- ৬ তলা মালটি পারপাস ভবন
- ৪ তলা মেইল ডরমিটরি ভবন (২০ হাজার বর্গ ফুট)
- ৪ তলা ফিমেইল ডরমিটরি ভবন (২০ হাজার বর্গ ফুট)

### (গ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- পুরো প্রকল্পের কাজ ৯০ শতাংশ সম্পন্ন হয়েছে।



**শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর, চুয়েট মাস্টার প্ল্যান**

### ৪.৯.৭ প্রকল্পের পরিচিতি:

| নাম | “বঙ্গাবন্ধু হাই-টেক সিটি-২ এর সহায়ক অবকাঠামো নির্মাণ” প্রকল্প। | |
|---|---|---|
| মেয়াদ | জুলাই ২০১৯ -ডিসেম্বর ২০২২ | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমান |
| | জিওবি | ৩৪৪.৪২ (কোটি টাকা) |

#### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- কালিয়াকৈরস্থ বঙ্গাবন্ধু হাই-টেক সিটি-২ এর জমিতে হাই-টেক শিল্প গড়ে তোলার লক্ষ্যে সহায়ক প্রাথমিক অবকাঠামো যেমন অভ্যন্তরীণ রাস্তা,ভূমি উন্নয়ন, বিদ্যুৎ, ইন্টারনেট এবং গ্যাস সংযোগ ইত্যাদি অবকাঠামো নির্মাণ।
- দেশী/ বিদেশী প্রতিষ্ঠানকে বিনিয়োগে আকৃষ্ট করা।
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

#### (খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- ভূমি উন্নয়ন কাজের বর্তমান অগ্রগতি ৭৬%।
- সেবা ভবন নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি ৪৫%।
- ৩৩/১১ কেভিএ সাব-ষ্টেশন নির্মাণের জন্য গত ২৫/০৬/২০২০ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে এবং উক্ত কাজের ঠিকাদারকে গত ২৯/০৬/২০২০ তারিখ সাইট বুঝিয়ে দেয়া হয়। কাজের বর্তমান অগ্রগতি ৬০%।
- অভ্যন্তরীন ড্রেনেজ ব্যবস্থা ও ওয়াকওয়ে এবং ইউটিলিটি ডাক্ট নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি প্রায় ৭০%।



প্রকল্পের ভুমি উন্নয়ন



অভ্যন্তরীন রাস্তা নির্মাণ



অভ্যন্তরীন ড্রেনেজ ব্যবস্থা



সেবা ভবন নির্মাণ



৩৩/১১ কেভি সাব-স্টেশন নির্মাণ



রেল লাইনের দুই পার্শ্বে বাউন্ডারি ও প্রটেকশন ওয়াল নির্মাণ



ডরমেটরি ভবন নির্মাণের চলমান কাজ সমূহ



৭০ মিটার প্রি-স্ট্রেজড ব্রিজ নির্মাণ

### ৪.৯.৮ প্রকল্পের পরিচিতি:

| নাম | “শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১১টি)” শীর্ষক প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ পর্যন্ত | |
| প্রাক্কলিত ব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি | ৭৯৮.৯১৪৭ কোটি টাকা |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য

- ন্যূনতম এস.এস.সি/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের আইটিতে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা;
- স্টার্ট-আপদের সহায়তা প্রদান;
- আইটি/আইটি সেক্টরে যুব সমাজের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা করা।

### (খ) প্রকল্পের মূল কম্পোনেন্ট

- ১০ (দশ) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন নির্মাণ- ১টি ৮০,০০০ বর্গফুট (প্রতি ফ্লোর ৮০০০ বর্গফুট), ৬ (ছয়) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন নির্মাণ- ৮টি, প্রতিটি ৪৮,০০০ বর্গফুট (প্রতি ফ্লোর ৮০০০ বর্গফুট), ৪ (চার) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন নির্মাণ- ১টি, ২৪,০০০ বর্গফুট (প্রতি ফ্লোর ৬০০০ বর্গফুট) এবং ৩ (তিন) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন নির্মাণ- ১টি ৪৮,০০০ বর্গফুট (প্রতি ফ্লোর ১৬০০০ বর্গফুট) মোটঃ ৫৩৬০০০ বর্গফুট।
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ-৪৮৯৫৪.৫৪ বর্গমিটার;
- নলকূপ স্থাপনসহ অভ্যন্তরীণ পানি সরবরাহ ব্যবস্থা, অভ্যন্তরীন ড্রেনেজ ব্যবস্থা ও ওয়াকওয়ে এবং ইউটিলিটি ডাক্ট, সীমানা প্রাচীর (১০১৮০.৩৭ মিঃ), গেইট হাউজ নির্মাণ, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ, ইন্টেরিয়র ডেকোরেশন, প্লান্টেশন, ল্যান্ড স্কেপিং;







**শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার এর স্কিমেটিক ডিজাইন**

### ৪.৯.৯ প্রকল্পের পরিচিতি:

| | |
|---|---|
| নাম | বাংলাদেশ ভারত ডিজিটাল পরিষেবা ও কর্মসংস্থান প্রশিক্ষণ (বিডিসেট) কেন্দ্র শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প |
| মেয়াদ | জানুয়ারী, ২০২১ থেকে ডিসেম্বর, ২০২৩ |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস: পরিমান |
| | জিওবি: ৩৬০২.৫৯ লক্ষ টাকা |
| | ভারতীয় অনুদান: ২৫০০.০০ লক্ষ টাকা। |
| | মোট: ৬১০২.৫৯ লক্ষ টাকা |

#### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- বাংলাদেশ হাই-টেক পার্কের বিদ্যমান অবকাঠামোতে বাংলাদেশ-ভারত ডিজিটাল পরিষেবা ও কর্মসংস্থান প্রশিক্ষণ (বিডিসেট) কেন্দ্র স্থাপনকরণ;
- উদীয়মান প্রযুক্তিতে বাংলাদেশের ৩০ জনকে ভারতে ৬ মাসের ToT প্রশিক্ষণ;
- ভারত সরকারের সহযোগিতায় আইটি/আইটিইএস সম্পর্কিত বিষয়ে স্থানীয় পর্যায়ে ২৪০০ জনের পেশাদার প্রশিক্ষণ।

#### (খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
- আউটসোর্সিং এর মাধ্যমে গাড়ী ভাড়ার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

### ৪.৯.১০ প্রকল্পের পরিচিতি:

| নাম | ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২৫ খ্রি: | |
| প্রাক্কলিত ব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি<br>প্রকল্প সাহায্য<br>**মোট** | ৯৮.০৬ কোটি টাকা<br>২৫৫ কোটি টাকা<br>**৩৫৩.০৬ কোটি টাকা** |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য

- ঢাকায় জনতা সফটওয়্যার টেকনলোজি পার্ক ২ হিসাবে একটি নতুন ভবন স্থাপনের মাধ্যমে জলবায়ু-নির্ভর এবং টেকসই অবকাঠামোগত উন্নয়ন করা।
- স্থাপিত সফটওয়্যার টেকনলোজি পার্ক সমূহের পরিবেশগত উন্নতি সাধন এবং কার্যকর উদ্ভাবনী ইকো-সিস্টেম তৈরিতে শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলিতে ইনোভেশন হাব প্রতিষ্ঠা করা।
- গবেষক, স্টার্ট-আপ শিক্ষার্থী এবং IT/ITES ফার্মসমূহের ব্যবহারের জন্য সাধারণ সুবিধাদি তৈরি করা।
- ডিজিটাল অর্থনীতিতে ডিজিটাল স্টার্টআপ এবং ক্ষুদ্র ও মাঝারি আকারের উদ্যোগের প্রবৃদ্ধি এবং বাজার প্রেশের হার বৃদ্ধি করা
- ডিজিটাল উদ্যোক্তাদের জন্য লিঙ্গ-বৈষম্যহীন সংস্কৃতি সৃষ্টি করা।


### (খ) প্রকল্পের মূল কম্পোনেন্ট

- জনতা টাওয়ার প্রতিষ্ঠা (ভিশন ২০২১ টাওয়ার) এবং বিদ্যমান জনতা টাওয়ারের সংস্কার
- ৭ টি ভিন্ন বিশ্ববিদ্যালয়ে ইনোভেশন হাব প্রতিষ্ঠা
- বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ৪ টি বিশেষায়িত ল্যাব স্থাপন
- সকল সফটওয়্যার টেকনলোজি পার্কে নির্বাচিত স্টার্ট–আপদের ইনকিউবেশন কার্যক্রম।
- ওয়ার্কফোর্স প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম।

### (গ) প্রকল্পের অগ্রগতি

- গ্রিন বিল্ডিং হিসাবে জনতা টাওয়ার II (ভিশন ২০২১ টাওয়ার) প্রতিষ্ঠা এবং স্থাপিত জনতা টাওয়ার I এর সংস্কারের জন্য পরামর্শক ফার্ম নিয়োগের লক্ষ্যে EoI মুল্যায়নের কাজ চলমান আছে। ফেব্রুয়ারির, ২০২২এর মধ্যে নির্মাণ কাজ শুরু করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে
- ইনোভেশন হাব প্রতিষ্ঠার ক্ষেত্রে আগ্রহী বিশ্ববিদ্যালয়গুলির তালিকা প্রস্তুত হয়েছে। জানুয়ারী, ২০২২ থেকে হাব প্রতিষ্ঠার কাজ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।
- স্পেসালাইজড ল্যাব প্রতিষ্ঠার ক্ষেত্রে আগ্রহী বিশ্ববিদ্যালয়গুলির তালিকা প্রস্তুত হয়েছে। জানুয়ারী, ২০২২ থেকে হাব প্রতিষ্ঠার কাজ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।
- সকল সফটওয়্যার টেকনলোজি পার্কে নির্বাচিত স্টার্ট–আপদের ইনকিউবেশন কার্যক্রম পরিচালনার জন্য পরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে। অক্টোবর, ২০২১ থেকে কার্যক্রম শুরু করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।

- ওয়ার্কফোর্স প্রশিক্ষণ কর্মসূচি শুরু করতে ট্রেনিং নিডস এনালাইসিস সম্পন্ন করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম অক্টোবর, ২০২১ থেকে শুরু করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।




ভিশন ২১ টাওয়ার-১




ভিশন ২১ টাওয়ার-২

## ৪.৯.১১ প্রকল্পের পরিচিতি

| নাম | "দেশের ৩২ টি জেলায় শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের নিমিত্ত সম্ভাব্যতা যাচাই" শীর্ষক প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | জানুয়ারি ২০২১ থেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত | |
| প্রাক্কলিত ব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি | ৪৮৯.৩৫ লাখ টাকা |

### (খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

- শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত ৩২ জেলায় প্রাপ্ত জমি সরেজমিনে জরিপ এবং এ বিষয়ে বিশদ সম্ভাব্যতা যাচাইয়ের মাধ্যমে প্রকল্পের উপযোগিতা নির্ধারণ;
- প্রস্তাবিত প্রকল্পের মাস্টারপ্ল্যানসহ ডিটেইল ইঞ্জিনিয়ারিং ড্রয়িং, ডিজাইন, স্পেসিফিকেশন এবং বিওকিউ প্রস্তুতকরণে সহায়তা প্রদান;
- খসড়া ডিপিপি প্রস্তুতকরণে সহায়তা প্রদান।

### (গ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

#### (i) উল্লেখযোগ্য কার্যক্রম:

- দেশের ৩২ টি জেলায় শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের নিমিত্ত সম্ভাব্যতা যাচাইকরণ।

#### (ii) বাস্তবায়ন অগ্রগতি:

- পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে গত ০৬/০৪/২০২১ তারিখে দৈনিক ইত্তেফাক ও Daily New Age পত্রিকায় Expression of Interest (EOI) বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।
- গত ০৯/০৫/২০২১ তারিখ EOI প্রস্তাব জমাদানের শেষ তারিখ নির্ধারিত হয় এবং ১৮ টি প্রতিষ্ঠান আবেদন করে।
- ০৬ (ছয়) টি প্রতিষ্ঠানকে সংক্ষিপ্ত তালিকাভূক্ত করা হয়।
- সংক্ষিপ্ত তালিকাভূক্ত প্রতিষ্ঠানসমূহ বরাবর ২৩/০৬/২০২১ তারিখে RFP ডকুমেন্ট ইস্যু করা হয়।
- সংক্ষিপ্ত তালিকাভূক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে গত ০৫/০৭/২০২১ তারিখে প্রি-বিড সভা অনুষ্ঠিত হয়।
- RFP দাখিলের সময়সীমা ২৬/০৭/২০২১ তারিখ পর্যন্ত।

### ৪.১০ মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ অবকাঠামো নির্মাণ

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইটি ইন্ডাস্ট্রির জনবলের চাহিদার দিক বিবেচনা করে আগামী ২০২৫ সালের মধ্যে ৫৫,০০০ (পঞ্চান্নো হাজার) এবং ২০৩০ সালের মধ্যে ১,০০,০০০ (এক লক্ষ) তরুণ-তরুণীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কাজ করেছে। ২০৪১ সালের মধ্যে ১৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) জনকে প্রশিক্ষণ প্রদান করবে। ইতোমধ্যে (জুন, ২০২১ সাল পর্যন্ত) ২৭,০০০ (সাতাশ হাজার)-জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইটি ইন্ডাস্ট্রি ও শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সেতু-বন্ধন তৈরি করছে। দক্ষ মানবসম্পদ তৈরী নিশ্চিত এবং গবেষণার সুযোগ তৈরির জন্য দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এপর্যন্ত মোট ২৭টি বিশেষায়িত ল্যাব স্থাপন করেছে। আরো ল্যাব স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে। আইটি খাতে মানবসম্পদের চাহিদার পরিপ্রেক্ষিতে যোগান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ নাটোরে ১টি ‘শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার’ ও রাজশাহীতে ১টি ‘শেখ কামাল আইটি ইনকিউবেটর এন্ড ট্রেনিং সেন্টার’ স্থাপন করেছে। আরো ১৮টি স্থানে ‘শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার’ স্থাপনের কাজ চলমান রয়েছে। নতুন উদ্যোক্তাগণ যাতে নতুন আইডিয়া বিকাশের মাধ্যমে সফল উদ্যোক্তা হয়ে উঠতে পারে সেজন্য চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে *‘আইটি বিজনেস ইনকিউবেটর’* স্থাপন করা হচ্ছে।

### ৪.১১ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন অগ্রগতি

বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার লক্ষ্য অর্জনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আইসিটি খাতকে অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ খাত হিসাবে চিহ্নত করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (বিএইচটিপিএ) ২০৩০ সাল নাগাদ টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) ৯ ও ১৭ পূরণের জন্য আইটি/আইটিইএসের জন্য বিনিয়োগবান্ধব অবকাঠামো নির্মাণ এবং দক্ষ মানবসম্পদ তৈরির দায়িত্ব পালন করছে।

#### ৪.১১.১ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

**টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা পূরণের জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সারা দেশে হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক এবং আইটি প্রশিক্ষণ ও ইনকিউবেশন কেন্দ্র স্থাপন করছে। এসডিজি এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য**

| এসডিজির নির্ধারিত লক্ষ্যমাত্রা | লক্ষ্য অর্জনে ব্যবস্থা গ্রহণ (প্রকল্প / প্রোগ্রাম)) | অর্জনের অগ্রগতি * (জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০২১) | আইন, নীতি, কৌশল, পরিকল্পনা, সংস্কার ইত্যাদি কার্যক্রম গ্রহণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| লক্ষ্যমাত্রা [৯.বি]: উন্নয়নশীল দেশগুলিতে গার্হস্থ্য প্রযুক্তি বিকাশ, গবেষণা ও উদ্ভাবনকে সমর্থন করে অন্তর্ভুক্ত শিল্প বৈচিত্র্যকরণ এবং পণ্যগুলিতে মূল্য সংযোজনের জন্য অনুকূল নীতি পরিবেশ নিশ্চিত করে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (বিএইচটিপিএ) কর্তৃক বঙ্গবন্ধু হাই-টেক সিটি কালিয়াকৈর; বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী; বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট এর প্রয়োজনীয় সকল প্রাথমিক অবকাঠামো তৈরি করেছে। একই সাথে ১২ টি জেলায় আইটি পার্কের অবকাঠামোগত উন্নয়নের কাজ চলছে; ৮টি জেলাতে আইটি | ১) শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোরে: এই পার্কে ৪৮ টি আইটি সংস্থার ব্যবসা চলছে।<br><br>২) জনতা টাওয়ার সফটওয়্যার টেকনোলজি পার্ক: পার্কটিতে ১৮ টি সফটওয়্যার প্রতিষ্ঠান এবং ১৩ টি স্টার্টআপ কাজ করছে। আরো ৪০টি স্টার্টআপকে কো-স্পেস দেওয়া হয়েছে।<br><br>৩) বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর: প্লট এবং ৬,০০,০০০ বর্গফুট স্পেস বিনিয়োগের জন্য প্রস্তুত এবং ৩৭ টি আইটি প্রতিষ্ঠানকে এই পার্কে বিনিয়োগ করার জন্য জমি | (১) বিএইচটিপি এর ওয়ান স্টপ সার্ভিস বিধিমালা।<br><br>(২) এইচটিপি / এসটিপিতে ভিসা ও ওয়ার্ক পারমিট গাইড লাইন প্রনয়ন।<br><br>(৩) এইচটিপি / এসটিপি জমি নির্বাচন সংক্রান্ত গাইডলাইন।<br>(৪) প্রশিক্ষণ ও ইনকিউবেশন কেন্দ্র পরিচালনার জন্য গাইডলাইন।<br><br>(৫) শেখ হাসিনা ইনস্টিটিউট | |

| এসডিজির নির্ধারিত লক্ষ্যমাত্রা | লক্ষ্য অর্জনে ব্যবস্থা গ্রহণ (প্রকল্প / প্রোগ্রাম)) | অর্জনের অগ্রগতি * (জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০২১) | আইন, নীতি, কৌশল, পরিকল্পনা, সংস্কার ইত্যাদি কার্যক্রম গ্রহণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | প্রশিক্ষণ ও ইনকিউবেশন কেন্দ্র, ১১ টি জেলাতে আইটি প্রশিক্ষণ ও ইনকিউবেশন কেন্দ্র এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এ আইটি বিজনেস ইনকিউবেটর সেন্টার প্রতিষ্ঠার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | বরাদ্দ দেওয়া হয়েছে।<br><br>৪) সিলেটে বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্কে বিনিয়োগের জন্য সকল প্রাথমিক অবকাঠামো নির্মাণ সমাপ্ত ও বিনিয়োগকারীদের জন্য জমি প্রস্তুত।<br><br>৫) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এ আইটি বিজনেস ইনকিউবেটর; ৮ (আট) টি শেখ কামাল আইটি প্রশিক্ষণ ও ইনকিউবেশন কেন্দ্র, ১২ টি (বার) জেলায় আইটি পার্কের কাজ চলমান এবং ১১ (এগার) টি শেখ কামাল আইটি প্রশিক্ষণ ও ইনকিউবেশন কেন্দ্র, রয়েছে।<br>৬) বঙ্গবন্ধু হাই-টেক সিটি -২ প্রকল্পের আওতায় বঙ্গবন্ধু হাই-টেক সিটির ৯৭ একর জমির উন্নয়নের কাজ চলছে<br>৭) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ২৭টি বিশেষায়িত ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। আরো কিছু ল্যাব স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে। | অব ফ্রন্টইয়ার টেকনোলজি এর কোর্স কারিকুলাম এর গাইড লাইন<br><br>হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে উপরে বর্ণিত নীতিমালা , আইন এবং কৌশল প্রনয়ন কাজ বাস্তবায়ন করা হবে। | |

### ৪.১১.২ এসডিজি এম অ্যান্ড ই ফ্রেমওয়ার্ক অনুযায়ী অগ্রগতি

এসডিজির লক্ষ্য বাংলাদেশের জাতীয় নীতিমালা সমূহকে অগ্রাধিকার প্রদান। এসডিজির লক্ষ্যমাত্রার সাথে তাল মিলিয়ে ইতোমধ্যে সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে। বিএইচটিপিএ সমস্ত উন্নয়ন প্রকল্প ডিজাইন ও বাস্তবায়নে এসডিজিকেও বিবেচনা করা হচ্ছে।

| লক্ষ্যমাত্রা | সূচক | তথ্যের ভিত্তি | বেসলাইন ডেটা (বছর) | ২০২১ সালের মাইলস্টোন | অগ্রগতি (জুন ২০২১) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্র [৯.বি]: উন্নয়নশীল দেশগুলিতে গার্হস্থ্য প্রযুক্তি বিকাশ, গবেষণা ও উদ্ভাবনকে সমর্থন করে অন্তর্ভুক্ত শিল্প বৈচিত্র্যকরণ এবং পণ্যগুলিতে মূল্য সংযোজনের জন্য অনুকূল নীতি পরিবেশ নিশ্চিত করে। | [৯.বি.১] মাঝারি এবং উচ্চ-প্রযুক্তি শিল্প মানের সংখ্যার সাথে মোট মূল্য যুক্ত হয়েছে। | আইসিটি বিভাগ/ বিবিএস | - | ২০২১ সালের মধ্যে ৮ (আট)টি আইটি পার্ক/ প্রশিক্ষণ ও ইনকিউবেশন সেন্টার চালু হবে এবং পার্কগুলিতে প্রায় ৩০,০০০ কর্মসংস্থান সুযোগ সৃষ্টি করা হবে। | বিভিন্ন এইচটিপি / এসটিপি এবং আইটি প্রশিক্ষণ এবং ইনকিউবেশন সেন্টারে প্রায় ১৫০০০ জনের কর্মসংস্থান তৈরি করা হয়েছে। | ** বিভিন্ন আইটি প্রতিষ্ঠানকে স্পেস / জমি বরাদ্দ দেওয়া হয়েছে। প্রতিষ্ঠান সমূহ শীঘ্রই উৎপাদন শুরু হবে |

### ৪.১১.৩ চ্যালেঞ্জসমূহ

- দক্ষ জনশক্তি
- পার্ক সমূহ পরিচালনার জন্য জনবলের অভাব;
- জমি অধিগ্রহণে দীর্ঘসূত্রিতা;
- নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন না হওয়া;
- বিনিয়োগ বিশেষ করে বিদেশী বিনিয়োগ আকৃষ্টকরণ;

### ৪.১১.৪ করনীয়

বাংলাদেশে হাই-টেক পার্ক একটি নতুন সম্ভবনাময় ব্যবসায়িক ক্ষেত্র। তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়নের জন্য বিদ্যমান চ্যালেঞ্জ সমূহ মোকাবেলা করার জন্য যথাযথ পরিকল্পনা গ্রহন ও বাস্তবায়ন করা জরুরী প্রয়োজন। হাই-টেকপার্ক কর্তৃপক্ষের বিভিন্ন পার্কগুলিতে বিনিয়োগ আকর্ষণ করার জন্য সঠিক গাইডলাইন, নীতিমালা ও কর্মকৌশল প্রণয়ন করাআবশ্যক।

### ৪.১২ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা/প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ

| প্রতিশ্রুতি/নির্দেশনা | প্রতিশ্রুতি/ নির্দেশনার তারিখ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | |
| গাজীপুর জেলার কালিয়াকৈর এ ২৩২ একর জমিতে একটি হাই-টেক পার্ক স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৭.০৬.১৯৯৯ (বিনিয়োগ বোর্ডের ১২তম সভায়) | গাজীপুরের কালিয়াকৈর ৩৫৫ একর জমিতে ‘বঙ্গবন্ধুহাই-টেকসিটি’, স্থাপন করা হয়েছে। ৫৪টি হার্ডওয়্যার ও ম্যানুফেকচারিং কোম্পানীকে স্পেস/জমি বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| দেশের সুষম উন্নয়ন নিশ্চিতকল্পে যশোরে একটি সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপনের ঘোষণা দেন। | ২৭.১২.২০১০ (যশোর সফরকালে) | যশোর জেলায় ১২.১৩ একর জমির উপর শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক নির্মাণ করা হয়েছে। ৪৮সফটওয়্যা ও বিপিও কোম্পনীকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| দেশে সফটওয়্যার শিল্পের উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে কারওয়ানবাজারে অবস্থিত জনতা টাওয়ার কে সফটওয়্যার টেকনোলজি পার্কে রুপান্তরের ঘোষণা দেন। | ৩.০৮.২০১০(ডিজিটাল বাংলাদেশ টাস্ক ফোর্সের ১ম সভা) | ঢাকার কারওয়ান বাজারস্থ ‘সফটওয়্যার টেকনোলজি পার্কে’ ১৪টি আইটি/আইটিইএস কোম্পানী ব্যবসায় কার্যক্রম পরিচালনা করছে। |

| প্রতিশ্রুতি/নির্দেশনা | প্রতিশ্রুতি/ নির্দেশনার তারিখ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| রাজশাহীতে একটি আইটি ভিলেজ স্থাপনের ঘোষণা দেন। | ২৪.১১.২০১১ (রাজশাহী জেলার মাদ্রাসা মাঠে বক্তব্য প্রদানের সময়) | রাজশাহী জেলার পবা উপজেলার নবীনগর মৌজায় ৩০.৬৭ একর জমিতে 'বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী' নামে একটি হাই-টেক পার্ক স্থাপন করা হচ্ছে। এবং শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারে ১০ কোম্পানীকে স্পেস ভাড়া প্রদান করা হয়েছে। |
| আইসিটি ব্যবহারের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশের প্রতিটি বিভাগে হাই-টেক পার্ক স্থাপন করতে হবে এবং পরবর্তীতে প্রতিটি জেলায় পর্যায়ক্রমে হাই-টেক পার্ক স্থাপন করতে হবে। | ১৫.০৩.২০১৫ | বিভাগীয় শহরসহ জেলা/উপজেলা পর্যায়ে হাই-টেক পার্ক স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবংনির্মান কাজ চলমান আছে। |

### ৪.১২.১ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা/প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, ২০১৯-২০ অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত গুরুত্বপূর্ণ কার্যাবলির ছবি:



**বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট এর ভিত্তিপ্রস্তর স্থাপন**



**বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী এর ভিত্তিপ্রস্তর স্থাপন**




**শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর এর উদ্বোধন**




**শেখ কামাল আইটি ইনকিউবেটর এন্ড ট্রেনিং সেন্টার, রাজশাহী এর উদ্বোধন**

### ৪.১৩ ই-ফাইলিং বাস্তবায়ন

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সদর দপ্তরের দৈনন্দিন দাপ্তরিক প্রায় সকল কার্যক্রম ই-ফাইলিং সিস্টেমের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। চলতি অর্থ বছরে ই-ফাইল বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিলো **৮০** শতাংশ যা সঠিকভাবে বাস্তবায়ন করা হয়েছে।

### ৪.১৪ ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স

#### ৪.১৪.১ ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স এর ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

| সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| সিদ্ধান্ত-(৫.২.৩): মহাখালীতে আইটি ভিলেজ স্থাপনের জন্য জমি থাকা বস্তির বিষয়ে মহামান্য হাইকোর্টে বিচারাধীন মামলাটি দ্রুত নিস্পত্তির উদ্যোগ নিতে হবে। | মহাখালী আইটি ভিলেজ সংক্রান্ত ৩৮১৪/১২ রীট পিটিশনটি বর্তমানে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব নাঈমা হায়দার এবং মাননীয় বিচারপতি জনাব খিজির আহমেদ চৌধরীর সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চে আংশিক শ্রুত অবস্থায় শুনানীর জন্য অপেক্ষমান রয়েছে। বর্তমানে শুনানির বিষয়ে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে। |

#### ৪.১৪.২ ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স এর ২য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

| সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ৯.১: কালিয়াকৈর হাই-টেক পার্ক সংলগ্ন বিটিসিএল এর ৯৭.৩৩ একর জমি হাই-টেক পার্ক অথরিটি এর অনুকূলে বিনামূল্যে/টোকেন মূল্যে দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রদান করতে হবে।<br><br>(বাস্তবায়নে: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ) | বঙ্গবন্ধু হাই-টেক সিটি কালিয়াকৈর সংলগ্ন বিটিসিএল এর ৯৭.৩৩ একর জমি বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর অনুকূলে প্রতীকিমূল্যে (১,০১,০০০/-, এক লক্ষ এক হাজার টাকা) দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদান করা হয়েছে। বর্ণিত ৯৭.৩৩ একর জমিতে মোট ৩২টি প্রতিষ্ঠানকে সরাসরি জমি বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| ৯.২: দেশের বিভিন্ন স্থানে হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক প্রতিষ্ঠার জন্য হাই-টেক পার্ক অথরিটি এর অনুকূলে বিনামূল্যে/টোকেন মূল্যে সরকারী খাস জমি প্রদান করতে হবে।<br><br>(বাস্তবায়নে: সকল মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা এবং হাই-টেক পার্ক কর্তৃপক্ষ) | ইতোমধ্যে দেশের ২১টি জেলায় জমি রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং আরো অন্যান্য জেলায় জমি বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অনুকূলে পাওয়ার বিষয়টি। এছাড়াও যে সকল জেলা থেকে জমির প্রস্তাব এসেছে তা বিনামূল্যে/টোকেনমূল্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| ৯.৩: বেসরকারী সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপনে ঋণ হিসেবে আর্থিক সহায়তা প্রদানের জন্য হাই-টেক পার্ক অথরিটি এর জন্য বিশেষ বাজেট রাখতে হবে।<br><br>(বাস্তবায়নে: অর্থ মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ) | বেসরকারী সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপনে ঋণ হিসেবে আর্থিক সহায়তা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এ পত্র প্রেরণ করা হলে উক্ত বিভাগ হতে বেসরকারী সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপনে ঋণ হিসেবে অর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত তহবিল/ফান্ড গঠন ও পরিচালনার বিষয় একটি নীতিমালা/গাইডলাইন প্রণয়নপূর্বক সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। আদেশ মোতাবেক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| ৯.৫: জাপানসহ অন্যান্য উন্নত দেশের বিনিয়োগকারীদেরকে সরকারের পক্ষ থেকে (জি টু জি, জি টু বি এবং বি টু বি) বাংলাদেশে বিনিয়োগের জন্য আনুষ্ঠানিকভাবে আমন্ত্রন জানাতে হবে।<br><br>(বাস্তবায়নে: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও বিনিয়োগ বোর্ড) | জাপানের বাজারে বাংলাদেশের আইটি পণ্যসমূহকে আকৃষ্ট করণের লক্ষ্যে জাপান আইটি উইক এ প্রতিবছর বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষসহ আইসিটি বিভাগের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। জাপানসহ অন্যান্য উন্নত দেশের বিনিয়োগকারীদেরকে বাংলাদেশে বিনিয়োগের জন্য আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানো হয়। |
| ৯.৮: আগামী ৩ বৎসরে আইসিটি খাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বিভিন্ন প্রকল্পে প্রত্যক্ষভাবে ৫৭,০০০ এবং পরোক্ষভাবে ৪৩,০০০ মোট ১,০০,০০০ প্রশিক্ষণপ্রাপ্ত ফ্রেস গ্র্যাজুয়েট এর কর্মসংস্থান সৃষ্টির জন্য এখনই ঢাকা বা ঢাকার আশেপাশে এসটিপি স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(বাস্তবায়নে: হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও অর্থ মন্ত্রণালয়) | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত ০৩ (তিন) টি পার্কে ৩০২৯ জন ও ১৩ টি বেসরকারি সফটওয়্যার টেকনোলজি পার্কে ৫৫৬১ জন এবং বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর আওতায় প্রদানকৃত প্রশিক্ষণের মাধ্যমে ৪৪৭৬ জনের কর্মসংস্থান হয়েছে। অর্থাৎ এখন পর্যন্ত ১৩,০৬৬ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।<br><br>আগমী ৫ বছরের মধ্যে বর্ণিত পার্কসমূহে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৫০,০০০ লোকের কর্মসংস্থান হবে। এবং পার্কসমূহ সম্পূর্ণরূপে চালু হলে প্রায় ১,০০,০০০ কর্মসংস্থান |

| সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| | হবে। |
| ৯.১৩: যুক্তরাষ্ট্র, জাপান, যুক্তরাজ্য এবং মধ্যপ্রাচ্যে বাংলাদেশী বাজার সম্প্রসারণে সেলস কনসালটেন্ট / বিজনেস ডেভলপমেন্ট কনসালটেন্ট নিয়োগ করতে হবে।<br><br>(বাস্তবায়নে: বাণিজ্য মন্ত্রণালয়, বিজনেস প্রোমোশন কাউন্সিল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ইন্ডাস্ট্রি প্রোমোশন বাড়াতে মার্কেটিং কনসালটেন্ট নিয়োগ করা হয়েছে। যার মাধ্যমে বিদেশী বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে নানাবিধ কর্মপরিকল্পনা এবং কৌশল অবলম্বন করা হয়েছে।<br><br>প্রতি বছর জাপানে আইটি উইক-এ সরকারী বেসরকারী প্রতিষ্ঠানসমূহ অংশগ্রহণ করে থাকে। ফলে জাপানি বিনিয়োগকারীগণ বর্তমানে বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী হচ্ছে। এছাড়া বাণিজ্য সম্প্রসারণের জন্য বিভিন্ন দেশে রোড শো, সেমিনার আয়োজন করা হয়। |

## ৪.১৫ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের পরিকল্পনাধীন উন্নয়ন প্রকল্পসমূহ

ক) শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার **স্থাপন (১৪ টি)** প্রকল্প
খ) শেখ হাসিনা ইনস্টিটিউট অফ ফ্রন্টিয়ার টেকনোলজি স্থাপন প্রকল্প
গ) শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার **স্থাপন (৩১ টি)** প্রকল্প
ঘ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে হাই-টেক পার্ক প্রতিষ্ঠার প্রাথমিক অবকাঠামো নির্মাণ
ঙ) ৩টি বিশ্ববিদ্যালয়ে আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপন
চ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যালয় নির্মাণ শীর্ষক প্রকল্প
ছ) বঙ্গবন্ধু হাই-টেক সিটি-৩ (৬৬ একর) এর সহায়ক অবকাঠামো নির্মাণ শীর্ষক প্রকল্প
জ) বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট (সিলেট ইলেকট্রনিক সিটি) এর ২য় পর্যায় শীর্ষক প্রকল্প
ঝ) মহাখালি আইটি ভিলেজ স্থাপন প্রকল্প;
ঞ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্প;

## ৪.১৬ আয়োজিত বিভিন্ন ইভেন্ট

### ৪.১৬.১ ডিজিটাল ডিভাইস এন্ড ইনোবেশন এক্সপো-২০২১:

'মেক হেয়ার, সেল এভরিহোয়্যার' স্লোগানে ১ থেকে ৩ এপ্রিল রাজধানী আগারগাঁওয়ের বাংলাদেশ ফিল্ম আর্কাইভে অনুষ্ঠিত হয় তিন দিনের ডিজিটাল ডিভাইস এন্ড ইনোভেশন এক্সপো-২০২১। যৌথভাবে এই প্রদর্শনীর আয়োজন করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (বিএইচটিপিএ), আইডিয়া প্রকল্প, এটুআই, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড এবং বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)।

উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, দেশ এখন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের চূড়ান্ত পর্যায়ে। ডিজিটাল ডিভাইস এন্ড ইনোভেশন এক্সপোর আয়োজন ডিজিটাল ডিভাইস এন্ড ইনোভেশনের কাজে বাংলাদেশের অগ্রযাত্রার চিত্রটি সকলের কাছে তুলে ধরবে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি।

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি ডিজিটাল ডিভাইস এন্ড ইনোভেশন এক্সপোতে বলেন, করোনা মহামারীর সমাপ্তি দেখতে আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি। এই করোনার পাশাপাশি আবার চতুর্থ শিল্পবিপ্লবের উষালগ্নে দাঁড়িয়ে আছে পুরো বিশ্ব। এমন একটি সময়ে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে ডিজিটাল ডিভাইস এন্ড ইনোভেশন এক্সপো-২০২১ আয়োজন করে আমরা নিজেদের উদ্দেশ্য জানান দিয়েছি। করোনা মহামারী মোকাবেলায় আমরা যেভাবে তথ্য-প্রযুক্তি ব্যবহার করেছি, ফিজিক্যালি ডিসটেন্সড থেকেও ভার্চ্যুয়ালি কানেক্টেড থেকেছি; তেমনি করোনা পরবর্তী বিশ্বেও আমরা এগিয়ে যেতে চাই তথ্য-প্রযুক্তির শক্তিকে কাজে লাগিয়েই। দেশের গবেষণা কেন্দ্রগুলোতে অ্যাডভান্সড ম্যাটেরিয়ালস, ক্লাউড টেকনোলজি, অটোনোমাস ভেহিকল, সিনথেটিক বায়োলজি, ভার্চ্যুয়াল অগমেন্টেড রিয়েলিটি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, রোবট, ব্লক চেইন, থ্রিডি প্রিন্টিং ও ইন্টারনেট অব থিংকস বিষয়ে অগ্রাধিকার ভিতিতে গবেষণা পরিচালনা করার নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয়কে সাথে

নিয়ে এই ধরণের গবেষণায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেওয়ার পরিকল্পনাও করা হয়েছে। এবারের এক্সপোতে ২১৭টি প্রযুক্তি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান/ ব্র্যান্ড ভার্চুয়ালি অংশগ্রহন করেছে। এক্সপো উপভোগ করার জন্য DDIExpo 2021 অ্যাপ উন্মুক্ত করা হয়েছিল। অনলাইনে প্রায় ৩৭ লাখ দর্শনার্থী এই এক্সপোর সঙ্গে সংযুক্ত ছিলেন। এর মধ্যে ভার্চুয়ালি প্রায় ২ লাখ ৭৬ হাজার দর্শনার্থীর অনলাইনে এক্সপো উপভোগ, প্রায় ৭৮ লাখ ভিডিও ভিউজ এবং অনলাইন এবং অ্যাপে প্রায় ১ কোটি ২০ লাখ দর্শনার্থীর কাছে এক্সপোর আহ্বান পৌঁছানো হয়েছিল। তিন দিনের এক্সপোতে ১০ টি সেমিনার, চারটি কর্মশালা এবং তিনটি ফোকাস গ্রুপ ডিসকাশন ২৫০ এরও বেশি আলোচকের বক্তব্যে অনুষ্ঠিত হয়েছে।



উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি বক্তব্য রাখছেন মহামান্য রাষ্ট্রপতি




ডিজিটাল ডিভাইস এন্ড ইনোভেশন এক্সপো উপলক্ষে বক্তব্য রাখছেন আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি

### ৪.১৭ পুরস্কার ও সম্মাননা:

#### ৪.১৭.১ WITSA 2019 আন্তর্জাতিক এওয়ার্ড অর্জন:

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন এবং উচ্চ প্রযুক্তি সম্পন্ন হাই-টেক পার্ক এর অবকাঠামো নির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ **WITSA GLOBAL ICT EXCELLENCE AWARDS -2019** পুরস্কার অর্জন করে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে এবং ICT সেক্টরের বিকাশে এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সম্মানজনক আন্তর্জাতিক স্বীকৃতি। আর্মেনিয়ার রাজধানী ইয়েরেভান-এ গত অক্টোবর, ২০১৯ এ অনুষ্ঠিত তথ্য প্রযুক্তির সবচেয়ে বড় সম্মেলন World Congress On Information Technology (WCIT) 2019-তে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে এই পুরস্কার তুলে দেওয়া হয়। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে এবং ICT সেক্টরের বিকাশে এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সম্মানজনক আন্তর্জাতিক স্বীকৃতি।



**WITSA GLOBAL ICT EXCELLENCE AWARDS -2019**

### ৪.১৭.২ আন্তর্জাতিক স্বীকৃতি (ISO Certified)

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর অর্জন ও সাফল্য বিবেচনায় গত ২৫/০২/২০১৯ খ্রি: তারিখে আন্তর্জাতিক ISO 9001:2015 সার্টিফাইড হয়েছে। চলতি অর্থবছরে (২০১৯-২০) সার্টিফিকেশন পুনরায় হালনাগাদ করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সকল কাজে ও সেবা প্রদানের ক্ষেত্রে আন্তর্জাতিক মান রক্ষা করছে বিধায় দেশি-বিদেশি বিনিয়োগকারীরা বিভিন্ন পার্কে বিনিয়োগে আকৃষ্ট হচ্ছে।